



# কর্মখোঁজ

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**RETD/ VRS/ গৃহবধু কামা।** কর্মে সফলতা বা অসফলতা একদিনের ফলাফল নয়। সফলভাবে দীর্ঘ ও স্থায়ী রোগজার করতে যোগাযোগ করুন শ্রেষ্ঠ বিহারদ লতা- 98748-45263.

**Reputed Banking Gr-র কলি** অফিসে Part-Time কাজে Retd/VRS/ গভঃ/ PSU/ Ex-Army/ গৃহবধু/ ব্যবসায়ী 40-65yr-এর সম্মানে আয়ের সুযোগ। 94331-89588.

**Reputed Co. needs Retd/VRS/ গৃহবধু** for Mngt. 26-73yr, HS+, Salary upto 60K+PF+Mediclaim+ TA. No Target. 2hr/3day. অফিস জব। 98361-62116.

**উঃ বারাসাত নিবাসী গাড়ী চালনা** 10 বছরের অভিজ্ঞ যোগ্য ড্রাইভিং লাইসেন্স সহ। যোগাযোগ- 98300-42202, 93337-69749.

**Required 2/3 yrs experienced** Diploma Civil Engineer for site and Draughtsman/ diploma Architect for AutoCAD drawing. Contact- 033-3582-2387, info@djcon.org

**Vacancy for a fresher Diploma** Civil Engineer & sales staff at a cake shop, apply by sending your CV to idcon9599@gmail.com

**চাকরিরাজে বাড়িতে থেকে** তিনজনের রান্না, বাজার সহ যাতায়াত কাজ করার জন্য পুরুষ প্রয়োজন। বয়স 30 থেকে 45-এর মধ্যে। মাহিনা 12000+খাওয়া। Call-98740-15591.

**Degree with experience** in tendering GEM MS office computer knowledge in kolkata send Bio Data -WhatsApp No 90070-32101.

**রিসেপশনিষ্ট চাই**  
দমদমে WBSC কোর্সি পেঁচারে রিসেপশনিষ্ট চাই। বয়স: 18-25 বছর। যোগ্যতা: মাধ্যমিক, প্রকৃত সুন্দরী। বেতন: 20,000 টাকা, C.V. পাঠান 7 দিনের মধ্যে। WApp: 70034-31128.

**কর্মখালি**  
কসবাতো বাড়িতে থেকে দুজনের রান্না, বাজার সহ যাতায়াত কাজ করার জন্য পিছুটানহীন মহিলা প্রয়োজন। বয়স 35 থেকে 55-এর মধ্যে। মাহিনা: 8000-9000+খাওয়া Call-62909-44992.

বারাকপুর হুগলীতে স্থায়ী অফিস জবে Mngt পদে বসে কাজ নে চাওগেট HS+ 35-65 Retd ব্যাক Ex আর্মি টিচার মহিলা স্বাগত 35k+মেডিকেল 98743-59044.

**কালিঘাট মেন্টোর নিকটে** রেডিমেড সোরসে Sales man/girl চাই। 7500/-8500/- (+/-) বয়স 35 অর্ধ (10.30-9.00), 98307-56916, 82405-03949.

**কলকাতার নামী Co.তে অফিস স্টাফ** (50-65) Fixed 20-60K, টেলিকলার ও মার্কেটিং স্টাফ 5-7K চাই। এটা কোনও Insurance/IRDA Related নয়। 76027-60560.

**বেঙ্গালুরুতে বাঙালি পরিবারের** জন্য বাড়ির কাজ ও ৩ বছরের যমজ সন্তানের দেখাশোনার জন্য ৫০ বছরের কম বয়সী পিছুটানহীন মহিলা প্রয়োজন। 89184-43228.

**বালিগঞ্জ অফিসের** জন্য অভিজ্ঞ/অনভিজ্ঞ Minimum H.S (বয়স 25-65) রিটার্নড VRS ব্যাকার, Army Rail, Teacher, ব্যবসায়ী, গৃহবধু নিয়োগ। Call 84202-30033.

**প্রখ্যাত কোম্পানির দক্ষিণ কলকাতার** অফিসে ম্যানেজার পদে কাজ করার সুবর্ণ সুযোগ অবসরপ্রাপ্তদের জন্য। Age: 40-70, HS+ আয়: 4 LPA. M: 80170-67408/82740-89356.

**কলিকাতার বিভিন্ন ব্রাঞ্চে** স্থায়ী Managerial পদে 1/2 জন করে কাজের জন্য পুরুষ/মহিলা নিয়োগ। গৃহবধু ও রিটার্নড ব্যক্তিদের স্বাগত। H.S+. Call: 98364-30576.

**HIRING Dr assistant, Dietician,** Receptionist, Pharmacist, Data operator for a reputed Women's clinic at Behala. Call 79803-60602/96744-30481.

**সুশ্রী পরিষ্কার পরিচ্ছন্ন ২৪ ঘণ্টার** জন্য বাড়ির পরিচারিকা চাই। ২৫-৪০ এর মধ্যে। মাহিনা-16,000/-, Ph no- 74399-41717.

**কর্মখালি**  
Retd Govt/ Pvt/ Bank/ রেল/ ব্যবসায়ীদের (40-70) Part/Full Time জব Big Indian Co in Kol. Income+PF+Med. খোলামনে কথা বলুন। সারবি-90075-10903.

**STRESSLESS JOB for Govt/ PSU/Bank/Retd/VRS (HS+, 35-65)**-দের জন্য সম্মানের সঙ্গে কলকাতায় অফিসে বসে উচ্চ আয়ের সুযোগ। M: 86172-60189/79801-01938.

## Editor চাই

**Bengali-তে Honours Graduate** Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheet email করুন rayandmartindred@gmail.com-এ। 6C রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9. কলেজ স্ট্রিটে কলেজ স্কোয়ারের কাছে।

**Require fresh/exp. Freelancers (M/F)** 12th pass + for Mkt Survey having Smartphone for different projects. Send CV asap to dipanjan.c@rediffmail.com

**আলিপুর্বে স্বনামধন্য ব্যবসায়ী পরিবারে** গৃহস্থালি কাজকর্মে নিযুক্ত কর্মীদের পরিচালনা, গৃহস্থালি প্রয়োজনীয় খাদ্য সামগ্রী ও অন্যান্য জিনিসপত্র ক্রয় এবং ফ্ল্যাট রক্ষাব্যবস্থার জন্য হিন্দি ও বাংলা জানা আগ্রহী প্রার্থীদের নিজ বিবরণসহ যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে। (M): 99032-91823. মহিলা আবেদন।

**জনকুনি, হুগলি, মেটিয়াকুজ, সোদপুর,** বিধাননগর, হুগলি, বারাসাত, কলকাতায় ফার্মসিতে কাজের জন্য কর্মী চাই। ৭২০৯১-৭২০৯৯, ৯৮৩০১-৭৭২৭১।

**পশ্চিমবঙ্গের Pvt দপ্তরে M/F নিয়োগ** চলছে। শূন্যপদ 2604, যোগ্যতা অষ্টম-মাস্তক, বেতন 19K-56K, Ex আর্মিদের বিশেষ ছাড়। M. 89674-48526.

**কর্মখোঁজের** আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৭ মার্চ দুপুর ২টো পর্যন্ত।  
বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪৬২৯

**কর্মখালি**  
Require Asst. Professor at Antara Psychiatric Hospital (M.Sc in Psychiatry/Community, Nursing) with 3 years of Teaching Experience. Ph.No-98741-73777.  
B.Com/CA Inter/CA Inter/M.Com expert in Income Tax, GST/ESI/FP Accounts etc. Staff required at Barasat CA firm. Local preferred. CV to firmaudit2000@gmail.com

### স্কুল-কলেজ-শিক্ষা

কম খরচে অফিস অ্যাডমিনিস্ট্রেশন আন্ড ম্যানেজমেন্ট, যোগাযোগ: (আসন, প্রোগ্রাম, মেডিটেশন) আন্ড সোশ্যাল সার্ভিস কোর্স, NCBS (Govt. of India) অনুমোদিত। যোগাযোগ: 87773-70880 (Whatsapp): 89615-75164.

রেজিস্ট্রেশন অব নিউজপেপারস (স্টেটাল) রুলস 1৯৫৬-এর ৮ ধারা অনুসারে নিরপেক্ষ তথ্যসমূহ প্রকাশ করা হচ্ছে:

- ১। প্রকাশস্থান: ২৯/১-এ, ৩শ বালিগঞ্জ সেক্টর লেন, কলকাতা-৭০০ ০১৯।
- ২। প্রকাশক: সার্বিক
- ৩। প্রকাশক ও মুদ্রকের নাম: অক্ষয় চক্রবর্তী।
- ৪। নাপরিক: ভারতীয়
- ৫। টিকানা: ২৯/১-এ, ৩শ বালিগঞ্জ সেক্টর লেন, কলকাতা-৭০০ ০১৯।
- ৬। সম্পাদকের নাম: মহাশেখা সান্নাধ্যায়।
- ৭। নাপরিক: ভারতীয়
- ৮। টিকানা: ২৯/১-এ, ৩শ বালিগঞ্জ সেক্টর লেন, কলকাতা-৭০০ ০১৯।
- ৯। সূত্রের ব্যক্তি এই সংবাদপত্রের মালিক এবং অংশীদার অথবা তার মেট মুদ্রকের এক শতাংশের বেশি শেয়ারের অধিকারী।
- ১০। সূত্রের নাম ও ঠিকানা:
- (ক) মালিক: স্বর্নাক্ষর প্রাইভেট লিমিটেড, রেজিস্টার্ড অফিস ২৯/১-এ, ৩শ বালিগঞ্জ সেক্টর লেন, কলকাতা-৭০০ ০১৯।
- (খ) মেট মুদ্রকের এক শতাংশের বেশি শেয়ারের অধিকারী:
- এবিসি প্রাইভেট লিমিটেড, ৬ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭০০ ০০১
- আমি অক্ষয় চক্রবর্তী এতদ্বারা ঘোষণা করছি যে উপরে উল্লিখিত তথ্যগুলি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

১ মার্চ, ২০২৬

**DISCLAIMER**  
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

# স্কলারশিপের খোঁজখবর

**টাটা ক্যাপিটাল পঞ্জ স্কলারশিপ প্রোগ্রাম ২০২৫-২৬**  
একাদশ, দ্বাদশ শ্রেণি, স্নাতক, পলিটেকনিক, ডিপ্লোমা এবং আই টি আই কোর্সে পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে টাটা ক্যাপিটাল।  
আবেদনের যোগ্যতা: স্কলারশিপ কোর্সের ক্ষেত্রে শেষ দেওয়া পরীক্ষায় অন্তত ৮০ শতাংশ এবং অন্যান্য কোর্সের ক্ষেত্রে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে আড়াই লাখ টাকার নীচে।

স্কলারশিপের পরিমাণ: ১০,০০০-১ লাখ টাকা।  
অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/TCP34 আবেদনের শেষ তারিখ ১০ মার্চ।

**ডুমি ফেলোশিপ প্রোগ্রাম ২০২৬**  
হিউম্যানিটিজ, সোশ্যাল সায়েন্স, এডুকেশন, ম্যানেজমেন্ট, ল, ইঞ্জিনিয়ারিং, মেডিচিন বা অন্যান্য শাখায় স্নাতক ডিগ্রিপ्राপ্তদের ফেলোশিপ দিচ্ছে ডুমি অর্গানাইজেশন। প্রার্থীকে চোমাই, কোয়েম্বাটুর বা ব্রিচিতে গিয়ে থাকতে হবে।  
বয়স হতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে।  
স্কলারশিপের পরিমাণ: প্রতি মাসে ২৫,৫০০ টাকা।  
অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/BHFP1 আবেদনের শেষ তারিখ ৩১ মার্চ।

**এন এন টাটা এনডাওমেন্ট লোন স্কলারশিপ ২০২৬-২৭**  
উচ্চতর শিক্ষার জন্য বিদেশের কোনও বিশ্ববিদ্যালয়ে পড়তে ইচ্ছুক মেধাবী ছাত্রছাত্রীদের লোন স্কলারশিপ দিচ্ছে এন এন টাটা ট্রাস্ট।

আবেদনের যোগ্যতা: মেট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ। বয়স ৩০-৬২/০-২৬ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে।  
স্কলারশিপের পরিমাণ: সর্বাধিক ২০ লাখ টাকা।  
অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/JNT10 আবেদন করা যাবে ১৫ মার্চ পর্যন্ত।

(তথ্য সহায়তা: buddy4study)

# হিন্দুস্তান পেট্রোলিয়াম

**কর্পোরেশনে ৬৭৮**  
প্রথম পাতার পর  
বয়স: ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

অফিসার-হিউম্যান রিসোর্স: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: হিউম্যান রিসোর্সে পেশ্যলাইজেশন-সহ এমবিএ। অথবা হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা সাইকোলজিতে ২ বছরের স্নাতকোত্তর ডিগ্রি। বয়স: ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

অফিসার-আইএস: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স আন্ড ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনসে স্নাতকোত্তর ডিগ্রি। বয়স: ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

সিনিয়র অফিসার: সিটি গ্যাস ডিস্ট্রিবিউশন অপারেশনস আন্ড মেইনটেন্যান্স: ৪টি। সিটি গ্যাস ডিস্ট্রিবিউশন প্রোজেক্টস: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা সিভিল বা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৮ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

সিনিয়র অফিসার-সেলস: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা কেমিক্যাল বা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। এর পাশাপাশি এমবিএ বা ম্যানেজমেন্টে পোস্ট-গ্রাজুয়েট ডিপ্লোমা। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৯ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

তফসিলি, ওবিসি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।  
সব ক্ষেত্রেই ২৫-৩-২০২৬ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। অভিজ্ঞ প্রার্থীরা বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটারভিত্তিক পরীক্ষা বা লিখিত পরীক্ষা, গ্রুপ টাস্ক, সাইকোমেট্রিক টেস্ট, পারফরম্যান্স বা টেকনিক্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার সন্ধ্যায় তারিখ ৩ মে।  
অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hindustanpetroleum.com দরখাস্তের শেষ তারিখ ২৫ মার্চ। প্রার্থীর চালু ই-মেইল আইডি এবং মোবাইল নম্বর থাকতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,১৮০ টাকা (জিএসটি-সহ)। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউপিআই বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।  
অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।  
খুঁটনাটি জন্মের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইন্ডিয়ান অয়েলে ১৪৪

প্রথম পাতার পর  
আর্থিক ভাবে অনগ্রসর ৪)। বিহার: ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ওড়িশা: ৬টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১)। ঝাড়খণ্ড: ৬টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১)। সিকিম: ১টি (সাধারণ)। নাগাল্যান্ড: ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)। মণিপুর: ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)। অরুণাচল প্রদেশ: ১টি (সাধারণ)। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ: ৪টি (সাধারণ ৩, ওবিসি ১)।  
ট্রেড অ্যাপ্রেন্টিস: পশ্চিমবঙ্গ: ২৩টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। বিহার: ৫টি (সাধারণ ৪, ওবিসি ১)। ওড়িশা: ৪টি (সাধারণ)। ঝাড়খণ্ড: ৩টি (সাধারণ)। সিকিম: ২টি (সাধারণ)। নাগাল্যান্ড: ২টি (সাধারণ)। মণিপুর: ২টি (সাধারণ)। অরুণাচল প্রদেশ: ১টি (সাধারণ)। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ: ৩টি (সাধারণ)।  
গ্রাজুয়েট অ্যাপ্রেন্টিস: পশ্চিমবঙ্গ: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ওড়িশা: ৩টি (সাধারণ)। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ: ১টি (সাধারণ)।  
ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেসার/স্কিল সার্টিফিকেট হোল্ডার): পশ্চিমবঙ্গ: ৩টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ১)। বিহার: ১টি (সাধারণ)। ওড়িশা: ১টি (সাধারণ)। ঝাড়খণ্ড: ১টি (সাধারণ)।  
দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে নিয়মানুসারে আসন সংরক্ষিত হবে।  
শিক্ষাগত যোগ্যতা: ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মাধ্যমিক, সেই সঙ্গে ফিটার বা ইলেক্ট্রিশিয়ান বা ইলেক্ট্রিশিয়ান মেকানিক বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা মেশিনিস্ট ট্রেডে ২ বছর মেয়াদের আইটিআই কোর্স পাশ।  
টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ এই সব ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা- মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল আন্ড ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রিশিয়ান ইঞ্জিনিয়ারিং।

গ্রাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যেকোনও শাখায় স্নাতক। বিবিএ ডিগ্রিও গ্রাহ্য হবে।  
ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেসার/স্কিল সার্টিফিকেট হোল্ডার)-এর ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ উচ্চ মাধ্যমিক। স্কিল সার্টিফিকেট হোল্ডারের ক্ষেত্রে বীকৃত প্রতিষ্ঠান থেকে এক বছরের কম মেয়াদের কোর্সে ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।  
গ্রাজুয়েট ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ১-৪-২০২২ তারিখের আগে এবং ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ১-৪-২০২১-এর আগে যোগ্যতা নির্ণয়ক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে, এর আগে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ে অংশ নিয়ে থাকলে বা কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময় ধরে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।  
বয়স: ২৮-২-২০২৬ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।  
শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।  
প্রার্থীকে প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nats.education.gov.in/student\_register.php (গ্রাজুয়েট অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে), https://www.apprenticeshipindia.gov.in/ (ট্রেড অ্যাপ্রেন্টিস ও ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটরদের ক্ষেত্রে)। রেজিস্ট্রেশনের পর সংশ্লিষ্ট ওয়েবসাইটেই এফবলিশমেন্ট সার্চ অপশনে গিয়ে Indian Oil Corporation Limited (Marketing Division)-Eastern Region-এ ক্লিক করে অনলাইন আবেদন করতে হবে। এছাড়াও অনলাইন পূরণ করবেন এই মাইক্রোসফট ফর্ম: https://forms.cloud.microsoft/tr/7SukvYXcj9 আবেদনের শেষ তারিখ ৯ মার্চ।  
খুঁটনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.ioel.com

## পশ্চিমবঙ্গের কলেজে কয়েকশো অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

প্রথম পাতার পর  
মিউজিক, তিস্যুয়াল আর্টস, পারফর্মিং আর্টস, স্কালচার বা অন্যান্য প্রচলিত ভারতীয় শিল্পকলায় ক্ষেত্রে উপরোক্ত শিক্ষাগত যোগ্যতাসম্পন্নরা ছাড়াও পেশাদার শিল্পীরা শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। সে ক্ষেত্রে কোনও বিশিষ্ট প্রশিক্ষকের কাছ থেকে তালিম নিয়ে থাকলে অথবা সংশ্লিষ্ট শিল্পটি সম্পর্কে সম্যক জ্ঞান বা পড়ানোর যোগ্যতা থাকলে অথবা অল ইন্ডিয়া রেডিও (এআইআর) বা টেলিভিশন মাধ্যমের হাই প্রোড শিল্পী হলে আবেদন করা যাবে।

সব ক্ষেত্রেই তফসিলি, ওবিসি এবং দৈনিক প্রতিবন্ধীরা স্নাতকোত্তর ডিগ্রির নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। যে-পিএইচডি ডিগ্রিদারীরা ১৯-৯-১৯৯১ তারিখের আগে স্নাতকোত্তর ডিগ্রি পেয়েছেন, তাঁরা স্নাতকোত্তর ডিগ্রির নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। যারা ১১-৭-২০০৯ তারিখের আগে পিএইচডি করার জন্য নাম নথিভুক্ত করেছিলেন এবং যারা ইউজিসি রেগুলেশনস, ২০০৯ বা ২০১৬ অনুসারে পিএইচডি ডিগ্রি পেয়েছেন তাঁদের নেট বা সেট বা গ্রেট পরীক্ষায় উত্তীর্ণ না হলেও চলবে।

বয়স: ১-১-২০২৬ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। অনুমোদিত স্টেট এইডেড কলেজ টিচারদের ক্ষেত্রে বয়স হতে হবে ৪৭ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈনিক প্রতিবন্ধীরা বয়সে ১০ বছরের ছাড় পাবেন।

গুরুত্ব বেতন: ৫৭,৭০০ টাকা।  
প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbcsconline.in প্রার্থীর চালু ই-মেল অইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ এপ্রিল পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ফটো এবং কালো কালিতে করা সই আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত করার সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ২,৫০০ টাকা (তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর ও দৈনিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,২৫০ টাকা)। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। সেক্ষেত্রে সার্ভিস ট্যাক্স বাবদ অতিরিক্ত টাকা দিতে হবে। ফি দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। প্রিন্ট আউটটি ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যেতে হবে।

খুঁনিটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbcs.org.in

## মাধ্যমিকের পর কেন্দ্রীয় সরকারে চাকরি প্রস্তুতি শুরু হতে পারে এখনই

মাধ্যমিকের পরই যারা চাকরির জগতে পা রাখতে চাইছেন, তাঁরা কেন্দ্রীয় সরকারের মাস্টিটাক্সিং স্টাফ (নন-টেকনিক্যাল) ও হাবিলদার পদ দুটিকে পাখির চোখ করতে পারেন। একই পরীক্ষার মাধ্যমে এই দুই পদে নিয়োগ হয়। পরীক্ষা নেয় স্টাফ সিলেকশন কমিশন। মাস্টিটাক্সিং স্টাফ নিয়োগ করা হয় ভারত সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও সংস্থায়। হাবিলদার নিয়োগ করা হয় সেন্ট্রাল বোর্ড অফ ইনভেস্টিমেন্ট ট্যাক্সেস ও কাঁস্টমস এবং সেন্ট্রাল ব্যুরো অব নারকোটিক্সে। উভয় পদের ক্ষেত্রেই কয়েক হাজার করে শূন্যপদে নিয়োগ হয়ে থাকে। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক।

স্টাফ সিলেকশন কমিশন সূত্রে জানা যাচ্ছে, জুনের শেষ নাগাদ এই নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার যথেষ্ট সম্ভাবনা আছে। দেশ জুড়ে পরীক্ষা আয়োজিত হয়। চাকরি পাওয়ার জন্য তীব্র প্রতিযোগিতা রয়েছে। তাই পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশের পরে নয়, আগে থেকেই পরীক্ষার প্রস্তুতি নেওয়ার দরকার রয়েছে।

হাবিলদার পদের প্রার্থীদের দুটি পরীক্ষায় সফল হতে হয়। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার সঙ্গে থাকে দৈনিক সঙ্কমতার পরীক্ষা। থাকে ১৫ মিনিটে ১ কিলোমিটার হাঁটা। মহিলারাও হাবিলদার পদে আবেদনের যোগ্য। মহিলাদের ক্ষেত্রে ২০ মিনিটে ১ কিলোমিটার হাঁটতে

হয়। হাবিলদার পদে আবেদনের জন্য নির্দিষ্ট দৈনিক মাপজোকও থাকতে হয়। পুরুষদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৫৭.৫ সেমি। বৃকের ছাতির মাপ ৫ সেমি ফুলিয়ে হতে হবে অন্তত ৮১ সেমি। মহিলাদের ক্ষেত্রে প্রয়োজনীয় উচ্চতা ১৫২ সেমি। ওজন হতে হবে অন্তত ৪৮ কেজি। উপজাতিভুক্ত ও পাহাড়ের প্রার্থীরা দৈনিক মাপজোকে ছাড় পেয়ে থাকেন। নির্দিষ্ট তারিখে বয়স হতে হয় মাস্টিটাক্সিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ ও হাবিলদার পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তফসিলি, ওবিসি, দৈনিক প্রতিবন্ধী ও

প্রাক্তন সরকারীরা কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে বয়সের ছাড় পান। মাস্টিটাক্সিং স্টাফ পদের ক্ষেত্রে দৈনিক মাপজোকের কোনও শর্ত নেই। দৈনিক সঙ্কমতার পরীক্ষাও দিতে হয় না। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় সফল হলে থাকে মেডিক্যাল টেস্ট। ইংরেজি ও হিন্দির সঙ্গে বাংলা মাধ্যমেও কম্পিউটার ভিত্তিক পরীক্ষা দেওয়া যায়। কম্পিউটার-ভিত্তিক এই পরীক্ষায় মাধ্যমিক মানের অঙ্ক (২০টি প্রশ্ন), রিজনিং ও প্রবলেম সলভিং (২০টি প্রশ্ন),

জেনারেল অ্যাওয়ারনেস (২৫টি প্রশ্ন), ও ইংরেজি-বিষয়ক (২৫টি প্রশ্ন) হয়। একই দিনে দুটি সেশনে পরীক্ষা আয়োজিত হতে পারে। সেক্ষেত্রে প্রতিটি সেশনের সময়সীমা হবে ৪৫ মিনিট। অর্থাৎ, পরীক্ষার জন্য মোট সময় দেড় ঘণ্টা। দৃষ্টি-সংক্রান্ত প্রতিবন্ধীরা ফ্লাইব তথা সহায়ক নিয়ে পরীক্ষা দিলে অতিরিক্ত সময় পাবেন।

পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'র বিশদে সে-খবর জানানো হবে। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: <https://ssc.gov.in>

**Ramakrishna Mission Shilpamandira Computer Centre**  
Boys' Campus # 313 G. T. Road, Belur Math, Howrah - 711 202

<b>AI Courses</b>	Financial Accounting, E-Taxation with Tally Prime (9+3+3 Months)	Basic Multimedia (6 Months)	
Computer Applications with AI (6 Months)	Hardware Maintenance & Networking (10 Months)	Advanced Multimedia (12 Months)	
Computer Programming & Applications with AI (12 Months)	Digital Marketing (12 Weeks)	Spoken English (4 Months)	
	Web Page Designing (4 Months # Madhyamik)	AutoCAD & Solid Works Knowledge in Engineering Drawing (4 Months)	
		Data Analytics & Data Visualization (4 Months # H.S.)	

**Girls' Campus # Konnagar, Kanaipur, Nawapara, Hooghly- 712 234**

Office Automation with AI (6 Months)	Spoken English (4 Months)	Certificate in Financial Accounting, E-Taxation & Payroll with Tally Prime (9+3 Months)	
Software Programming & Application with AI (12 Months)			
Basic Multimedia (6 Months)			

**Admission going on M.- 9874779599 visit - rkmscc.org**



## Maritime Education Training & Research Institute (METRI)


Affiliated by Directorate General OF Shipping, Ministry OF Shipping, Govt. OF India.

### মার্চেন্ট নেভি র- জন্য ভর্তি বিজ্ঞপ্তি

Merchant Ship/ মার্চেন্ট জাহাজ এ Hospitality staff / আতিথেয়তা কর্মী বা Cook বা স্টুয়ার্ট হিসাবে যোগ দেওয়ার যোগ্যতার জন্য মার্চেন্ট

Intake Capacity / ব্যাচ প্রতি ছাত্র : 40/Batch  
Selection / নির্বাচন : ইন্টারভিউ এবং ব্যক্তিত্ব পরীক্ষা ভিত্তিতে প্রথম আসা

নেভি CCMC Course এ ভর্তির আবেদন পত্র গ্রহণ করা হচ্ছে। এই কোর্সের জন্য যোগ্যতা প্রয়োজন :- শিক্ষাগত যোগ্যতা : 10th পরীক্ষায় পাস বা কোন স্বীকৃত বোর্ড, State বা সেন্ট্রাল বোর্ড & NIOS, নিউ দিল্লি, সমষ্টিগত ন্যূনতম 40% নম্বরের পেয়ে কোনো stream থেকে এবং ইংরেজি একটি বিষয় হিসাবে, 40 % নম্বরের প্রয়োজন 10th standard.



ভিত্তিতে  
Course শুরুর তারিখ : 01-07-2026  
Interview তারিখ : 10-03-2026  
17-03-2026/24-03-2026/31-03-2026  
07-04-2026/21-04-2026/28-04-2026  
Prospect: সফলভাবে কোর্স সম্পন্ন করার পর ( উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক Exit exam/ পরীক্ষায় পাস। ) প্রার্থী ও Shipping মাস্টার, মুম্বাই বা কলকাতার অফিস থেকে সিডিসি প্রাপ্ত হইবে বাণিজ্যনাবী / Merchant ship এর কাজে যোগদানের জন্য যোগ্যতা প্রাপ্ত হইবে।

বয়স সীমা : অন্যান্য 17 বছর 6 মাস এবং কোর্স শুরুর সময় অনধিক 25 বছর  
মেডিকেল ফিটনেস : M. S Medical examination of Seafarers rules, 2000 অনুযায়ী নাবিকদের বিধি, 2000 এবং সমন্বয়পযোগী সংশোধিত।  
Duration / প্রশিক্ষণ সময়সীমা : 6 (ছয়) মাস

Valid Documents / বৈধ কাগজপত্র : আগে অবশ্যই প্রার্থী Regional Passport Officer/আঞ্চলিক পাসপোর্ট কর্মকর্তার অফিস থেকে পাসপোর্ট প্রাপ্ত করা আবশ্যিক।

আরো বিস্তারিত জানার জন্য please / অনুগ্রহ করে visit করুন আমাদের website : [www.metrikolkata.org](http://www.metrikolkata.org) or যোগাযোগ করুন  
Mr.M.G Rajan-Dy.Chairman-METRI KOLKATA Ph.:033 24657161 /62 /63 Mob.:9339838932, 9432324424, 9830053096

# সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ২০৭ অফিসার

প্রথম পাতার পর

অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক। এমসিএ ডিগ্রি থাকলেও আবেদন করতে পারেন। সেই সঙ্গে স্কেল-টুয়ের ক্ষেত্রে ৪ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**নিনাক্স/সোলারিস/এসএএন/স্টোরজ/এসআরই/ওপেন শিফট (স্কেল-টু):** ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক। এমসিএ ডিগ্রি থাকলেও আবেদন করতে পারেন। সেই সঙ্গে স্কেল-টুয়ের ক্ষেত্রে ৪ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**ইউইএল/এডি (স্কেল-টু):** ৪টি (সাধারণ ২, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক। এমসিএ ডিগ্রি থাকলেও আবেদন করতে পারেন। এমসিএসই বা ডিএনএস অ্যাডমিনিস্ট্রেশন বা জি স্যুট অ্যাডমিনিস্ট্রেশন বা এডরিউএস সার্টিফিকেট থাকতে হবে। আইটিআইএল, এমটিএ, এমসিএসই ইত্যাদি সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। পাশাপাশি, ৪ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**ইনফর্মেশন সিকিউরিটি, সাইবার সিকিউরিটি অ্যান্ড আইটি গভর্ন্যান্স, রিস্ক (স্কেল-ওয়ান, টু):** ৩১টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক। এমসিএ ডিগ্রি থাকলেও আবেদন করতে পারেন। সেই সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স করা থাকলে অগ্রাধিকার। পাশাপাশি, স্কেল ওয়ানের ক্ষেত্রে ২ বছর এবং স্কেল টুয়ের ক্ষেত্রে ৪ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেশন/নেটওয়ার্ক সিকিউরিটি (স্কেল-টু):** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১)। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক। এমসিএ ডিগ্রি থাকলেও আবেদন করতে পারেন। সেই সঙ্গে সিসিএনএ বা সিসকো সিসিএনএপি সিকিউরিটি সার্টিফিকেট থাকতে হবে। এ ছাড়া সংশ্লিষ্ট বিষয়ক কোনও সার্টিফিকেট কোর্স করা থাকলে অগ্রাধিকার। পাশাপাশি, ৪ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**প্রোডাকশন সাপোর্ট/আরওসি/ডিজিটাল সাপোর্ট (স্কেল-টু):** ২১টি (সাধারণ ২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনসে বি ই বা বি টেক। এমসিএ ডিগ্রি থাকলেও আবেদন করতে পারেন। সেই সঙ্গে আইটিআইএল, স্যাক-ই, নেটওয়ার্ক সার্টিফিকেট, ডেটাবেস সার্টিফিকেট, মাইক্রোসফট অ্যাডমিনিস্ট্রেশন সার্টিফিকেট-সহ সমতুল্য অন্যান্য সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক। পাশাপাশি, ৪ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**এন্টারপ্রাইজ/ইন্টিগ্রেশন/পাবলিক ক্লাউড আর্কিটেকচার (স্কেল-টু):** ৪টি (সাধারণ ২, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা:

কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক। এমসিএ ডিগ্রি থাকলেও আবেদন করতে পারেন। সেই সঙ্গে ক্লাউড ডেভেলপার বা সিসঅপস বা অ্যাডমিনিস্ট্রেশন বা আর্কিটেকচার সার্টিফিকেট বা ওয়াকল বা সমতুল্য কোনও সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। পাশাপাশি, ৪ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**ডেটা ইঞ্জিনিয়ার/ডেটা কোয়ালিটি/ইটিএল/পিএলএসকিউএল/বিআই (স্কেল-টু):** ১২টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক। এমসিএ ডিগ্রি থাকলেও আবেদন করতে পারেন। ডেটা সায়েন্স বা ডেটা ইঞ্জিনিয়ারিং বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স/মেশিন লার্নিংয়ে বি ই বা বি টেক বা এমসিএ ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। সেই সঙ্গে ক্লাউডের বা ডেটাব্রিকস বা অ্যাজিওর বা ওয়াকল ওসিএ/ওসিপি বা সমতুল্য সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। পাশাপাশি, ৪ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**আইটি অফিসার (স্কেল-ওয়ান, টু):** ৮২টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ৮, ওবিসি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। এর মধ্যে ৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক। এমসিএ ডিগ্রি থাকলেও আবেদন করতে পারেন। সেই সঙ্গে আইটিআইএল, স্যাক-ই, নেটওয়ার্ক সার্টিফিকেট, ডেটাবেস সার্টিফিকেট, মাইক্রোসফট অ্যাডমিনিস্ট্রেশন সার্টিফিকেট-সহ সমতুল্য অন্যান্য সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। পাশাপাশি, স্কেল ওয়ানের ক্ষেত্রে ২ বছর এবং স্কেল টুয়ের ক্ষেত্রে ৪ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ৩১-১-২০২৬ তারিখে স্কেল ওয়ানের ক্ষেত্রে ৩০ বছর এবং স্কেল টুয়ের ক্ষেত্রে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** স্কেল ওয়ানের ক্ষেত্রে ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। স্কেল টুয়ের ক্ষেত্রে ৬৪,৪২০-৯৩,৬৬০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের অনলাইন পরীক্ষার মাধ্যমে। সময় দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং নেই। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা বা বৃহত্তর কলকাতা, দুর্গাপুর, কল্যাণী ও লিলাগুড়ি। অনলাইন দরখাস্ত করতে হবে এই লিঙ্কের মাধ্যমে: <https://ibpsreg.ibps.in/cbisofeb26> প্রার্থীর চালু ই-মেইল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৩ মার্চ পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর ওয়েবক্যামের মাধ্যমে লাইভ ফটোগ্রাফ নিতে হবে এবং সেই বাছাইয়ের বৃত্তে আঙুলের ছাপ এবং হাতে লেখা ডিক্লারেশন স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইন ফর্ম যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট নেওয়ার শেষ তারিখ ৭ এপ্রিল।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। অনলাইনে ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/ম্যাস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আইএমপিএস) বা ক্যাপ কার্ড বা মোবাইল ওয়ালেট বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: <https://centralbank.bank.in>

# মেন্টাল হেল্থ অ্যান্ড নিউরো সায়েন্সেস স্টেনোগ্রাফার, জুনিয়র সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট ইনস্ট্রাক্টর

জুনিয়র সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার গ্রেড-টু ও অ্যাসিস্ট্যান্ট ইনস্ট্রাক্টর (পঞ্চম) পদে ৩৫ জনকে নেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব মেন্টাল হেল্থ অ্যান্ড নিউরো সায়েন্সেস। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NIMH/Rec/UGroup B&C/ADVT-3/2025-26.

**শূন্যপদের বিবরণ:** স্টেনোগ্রাফার গ্রেড-টু: ৯টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সেই সঙ্গে মিনিটে ৮০টি শব্দের গতিতে স্টেনোগ্রাফি এবং ইংরেজিতে দক্ষ মিনিটে ৫০টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩৫টি শব্দের গতিতে টাইপিংয়ে দক্ষ হতে হবে। অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**অ্যাসিস্ট্যান্ট ইনস্ট্রাক্টর (পঞ্চম):** ৪টি (সাধারণ ৩, ওবিসি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল্য। সেই সঙ্গে পঞ্চম সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। সাইকিয়াট্রিক ও নিউরোলজির রোগীদের ক্ষেত্রে পঞ্চম প্রয়োগের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**জুনিয়র সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট:** ২২টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সেই সঙ্গে ৬ মাস মেয়াদের কোনও কম্পিউটার কোর্স করে থাকতে হবে। কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপিংয়ের দক্ষতা থাকতে হবে।

**বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে।  
**বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি।** অগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: [www.nimhans.ac.in](http://www.nimhans.ac.in)

# নিউক্লিয়ার পাওয়ারে ২৪৫ অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

উপজাতি ৮, ওবিসি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ১টি আসন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত হবে।

কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট/প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত হবে।

টার্নার ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত হবে।

মেশিনিষ্ট ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত হবে।

ওয়েল্ডার ১১টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ।  
**বয়স:** ১৮-৩-২০২৬ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। সরকারি নিয়মানুসারে তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধীরা বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ৯,৬০০ টাকা।  
**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৩৭ সেমি। ওজন অন্তত ২৫.৪ কেজি। বৃকের ছাতি অন্তত ৩৮ সেমি ফেলানোর ক্ষমতা থাকতে হবে।

মেথার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।  
প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: [www.apprenticeshipindia.gov.in](http://www.apprenticeshipindia.gov.in) এরপর এই ওয়েবসাইটেই ফের লগ-ইন করে, এন্ট্রাবিশমেন্ট সার্চ অপশনে গিয়ে সংশ্লিষ্ট সংস্থায় (এন্ট্রাবিশমেন্ট নম্বর: E08160800007) অ্যাপ্রেন্টিসশিপের জন্য আবেদন করতে হবে।

সবশেষে অনলাইন সংশ্লিষ্ট সংস্থায় প্রশিক্ষণের জন্য আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: [www.npcilcareers.co.in](http://www.npcilcareers.co.in) আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (১০-৫০ কেবি সাইজের মধ্যে) ও সেই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনের শেষ তারিখ ১৮ মার্চ। আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।  
খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

- **পুরুষদের জন্য:** শেভিং,ক্রিম, আফটার শেভ লোশন তৈরি।  
এ সব ছাড়াও শেখানো হয় পারফিউম তৈরি করা।  
প্রতিটি কোর্সের মেয়াদ: ৭ থেকে ১০ দিন।  
ফি: ৯,৮০০ টাকা।  
প্রগতিতে এই কোর্সগুলিতে ভর্তি হওয়ার জন্য বছরের যে-কোনও সময়ই আবেদন করা যায়। শুক্রবার বাদে ছাড়াছত্রীরা তাঁদের সুবিধা অনুযায়ী সপ্তাহের যে-কোনও দু' দিন প্রশিক্ষণ নিতে পারেন।  
হাতে-কলমে কাজ শেখার পর শিক্ষার্থী কীভাবে ব্যবসা করবেন, কোথা থেকে উপকরণ সংগ্রহ করবেন, কীভাবে লাইসেন্স পাবেন এবং মার্কেটিং সম্পর্কে যাবতীয় ধারণা তাঁকে দেওয়া হয়। কর্মশালায় যাবতীয় উপকরণ দেওয়া হয়। বাছিরে থেকে শিক্ষার্থীকে কিছু আনতে হয় না। প্রশিক্ষণের পর সার্টিফিকেট দেওয়া হয়।  
যোগাযোগ: প্রগতি, নর্থ যোগপাড়া গ্যাসপিট রোড, বালি, হাওড়া। ফোন: (০৩৩) ৬২৭১-০২৯২ (সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে)। মোবাইল: ৯৪৩২৪-৯০৩২৯

# ভেষজ প্রসাধনীর প্রশিক্ষণ নিয়ে ব্যবসা

প্রথম পাতার পর

ভেষজ প্রসাধন সামগ্রী তৈরির প্রশিক্ষণ নেওয়া অত্যন্ত জরুরি। কোনও প্রসাধনী সংস্থায় চাকরি পেতেও এই প্রশিক্ষণ কাজে দেবে।

সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থা ভেষজ প্রসাধনী তৈরির প্রশিক্ষণ দেয়।

## কোথায় প্রশিক্ষণ

কেন্দ্রীয় সরকারের স্বীকৃতিপ্রাপ্ত প্রগতি রিসার্চ ইনস্টিটিউট ভেষজ শ্যাম্পু, বডিওয়াশ, ক্রিম, সাবান, লিপস্টিক, আইলাইনার, ফেসওয়াশ, হ্যান্ডওয়াশ, সিঁদুর ইত্যাদি প্রায় সব রকম প্রসাধনী তৈরির প্রশিক্ষণ দেয়। বেশ কয়েকটি প্রসাধন সামগ্রী একত্র করে এক-একটি কোর্স করানো হয়।

● **ভেষজ শ্যাম্পু, বডিওয়াশ ও স্ক্রাবার:** শেখানো হয় আর্থরোটের দানা, চারকোল ইত্যাদির মিশ্রণে স্ক্রাবার তৈরি, অ্যালোভেরা, মধু, অ্যান্টি ড্রাভ্রাফ-সহ নানা ধরনের শ্যাম্পু ও বডিওয়াশ বানানো।

● **নানা ধরনের ক্রিম:** ফেস ও বডি ক্রিম এবং লোশন। সেইসঙ্গে ব্রণরোধক, মাসাজ ক্রিম।

● **সাবান:** নানা সুগন্ধীযুক্ত সাবান ছাড়াও শেখা যাবে হ্যান্ডওয়াশ, বাসন মাজার লিকুইড সাবান, বাটি কেক সাবান, কাণ্ড কাচার পাউডার ও কেক সাবান তৈরি।

● **লিপস্টিক ও অন্যান্য:** লিপস্টিক, লিপলাইনার ও লিপগার্ড তৈরি করা শেখানো হবে একই সঙ্গে।



- **আলতা ও অন্যান্য:** আলতা ও সিঁদুর তৈরির কোর্সেই শেখানো হবে ভেষজ আধার ও লিকুইড সিঁদুর তৈরি।
- **চোখের প্রসাধন:** আইলাইনার, মাস্কারা, কাজল তৈরি।
- **মুখমলের প্রসাধন:** লিকুইড ও কেক ফাউন্ডেশন।
- **কেশসজ্জা:** ভেষজ ডাই ও মেহেন্দি।

## কী শিখবেন, কোথায় শিখবেন

### অনলাইনে দাবা প্রশিক্ষকের ট্রেনিং



নিজস্ব প্রতিনিধি: ইন্ডোর গেমের মধ্যে দাবা খেলার জনপ্রিয়তা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এই খেলা মানসিক দক্ষতার বিকাশে বড় ভূমিকা নেয় বলে বহু অভিভাবক তীর্ষের সন্তানদের একেবারে ছোট বয়স থেকে দাবা খেলার প্রশিক্ষণ দিতে চাইছেন। ফলে দাবা শেখার স্কুলের সংখ্যা বেড়েছে এবং দক্ষ দাবা-শিক্ষক বা চেস কোচের চাহিদাও তৈরি হয়েছে। ফলে, অনলাইন প্ল্যাটফর্ম এবং ব্যক্তিগত কোচিংয়ে, বিশেষ করে শিশুদের জন্য বেশিক থেকে অ্যাডভান্সড লেভেলের কৌশল শেখাতে অভিজ্ঞ ও ধৈর্যশীল প্রশিক্ষকদের চাহিদা বেশি।

দাবার প্রশিক্ষক হতে চাইলে প্রয়োজন প্রশিক্ষণের। প্রশিক্ষণ নেওয়ার সুযোগ করে দিচ্ছে বিরাটি চেস অ্যাকাডেমি। এই প্রতিষ্ঠান ভারত সরকারের এমএসএমই দপ্তর কর্তৃক স্বীকৃত। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, ট্রেনিং নেওয়ার পর প্রার্থী নিজেও খুলতে পারেন চেস অ্যাকাডেমি।

দাবা-শিক্ষকতার এই প্রশিক্ষণ অনলাইনে দেওয়া হবে। তাই চাকুরিত এবং দূরের জেলা ও রাজ্যের আগ্রহী প্রার্থীরাও এই কোর্সটি করতে পারবেন। প্রশিক্ষণ শেষে দেওয়া হবে সার্টিফিকেট। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত মাধ্যমিক পাশ। বয়স: কোনও বিধিনিষেধ নেই। কোর্সের মেয়াদ: চার মাস। ক্লাসের সময়: প্রতি শনিবার, বিকেল ৫টা। কোর্স ফি: ৪,৫০০ টাকা। আবেদনের শেষ তারিখ: ১২ মার্চ। ক্লাস শুরু: ১৫ মার্চ। আবেদন করার পদ্ধতি: ফোন বা হোয়াটসঅ্যাপ করবেন এই নম্বরে: ৯৮৩৬৬-১৪৬০৮। আবেদনের জন্য ওগুল ফর্মের লিঙ্ক পাঠানো হবে প্রার্থীর হোয়াটসঅ্যাপ নম্বরে। বিস্তারিত জানতে দেখুন বিরাটি চেস অ্যাকাডেমির এই ব্লগ: <https://biraticheccademy.blogspot.com>

## জলে-জমিতে কর্মক্ষেত্র

### গ্রীষ্মকালীন তিলের চাষ



গ্রীষ্মকালীন তিল চাষে তেমন কোনও বাড়তি খরচের দরকার হয় না। এ সময় জমি থেকে আলু তোলার পর, কেবল জমি পরিষ্কার করেই তিলবীজ বপন করা যায়। ফল ধরতে বেশি

সময় লাগে না। রোগপোকার আক্রমণও সহজে সামলে নেওয়া যায়। জানাচ্ছেন, পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সোমেন্দ্রনাথ দাস।

তিলের যথেষ্ট চাহিদা ও বাজার রয়েছে পশ্চিমবঙ্গে। তিল অন্যতম তৈলবীজ। প্রাক-গ্রীষ্মকালীন বঙ্গ মেয়াদের ফসল এটি। এর চাষে সার, সেচ এবং পরিচর্যাও বেশি দরকার পড়ে না। আলু চাষের জমিতে আলু তোলার পরপরই বিনা চাষে ও মূল সারের প্রয়োগ ছাড়াই তিলের চাষ করার রেওয়াজ রয়েছে পশ্চিমবঙ্গে। আলু তোলার পর জমিতে আর চাষের দরকার পড়ে না। কেবল জমি পরিষ্কার ও সমতল করে নিয়েই তিলের চাষ শুরু করে দিতে পারেন।

**জাত:** পশ্চিমবঙ্গের মাটি ও জলবায়ুর উপযোগী উচ্চফলনশীল তিলের উন্নত জাতগুলি হল তিলোত্তম, রমা, কুম্বা এবং বি-৯৪। এই বীজগুলি থেকে ফসল পাওয়ার মেয়াদ ৭০-৮৫ দিন।

### হিন্দুস্তান ল্যাটেস্ট ম্যানেজমেন্ট ট্রেনিং

**প্রথম পাতার পর**  
এমপিআইবি। সব ক্ষেত্রেই মেট্রি অন্তত ৬৫ শতাংশ (তফসিলি ও দৈনিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৬০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।  
বয়স: ১-২-২০২৬ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।  
বেতন: ৪০,০০০ টাকা-সহ ডিএ। বেতনক্রম: ডেপুটি ম্যানেজার পদে নিয়োগের পর ৪০,০০০-১,৪০,০০০ টাকা।  
প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, ইন্টারভিউ, সাইকোমেট্রিক অ্যানালিসিস, নথিপর্যায় চাচাই ও ফাইনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষার প্রথম পাঠে প্রশ্ন হবে এই সব বিষয়ে— জেনারেল

## কৃত্রিম মেধায় বি এসসি বাংলায়

নিজস্ব প্রতিনিধি: নিউটাউনে খড়গপুর আইআইটি রিসার্চ পার্কে প্রতিষ্ঠানের ৭৫ বছর উদ্বাপন উপলক্ষে এক অনুষ্ঠানে আইআইটির অধিকর্তা সুমন চক্রবর্তী জানান, চলতি শিক্ষাবর্ষ থেকেই বাংলা ভাষায় কৃত্রিম মেধা নিয়ে ব্যাচেলর অব সায়েন্স কোর্স চালু করতে চায় খড়গপুর আইআইটি।

উল্লেখ্য, দেশের নতুন শিক্ষানীতিতেও মাতৃভাষায় শিক্ষার উপর জোর দেওয়া হয়েছে।

আইআইটি অধিকর্তা জানান, কৃত্রিম মেধা বিষয়ক স্নাতক স্তরের অনলাইন কোর্সটি পুরোটাই বাংলায় পড়ানো হবে। প্রতিষ্ঠানের সেনেটে এ সংক্রান্ত প্রস্তাবটি পাশ হয়ে গেলে চলতি শিক্ষাবর্ষ থেকেই কোর্সটি চালু করা হবে। ভর্তি নেওয়া হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। প্রার্থীদের জেইই মেন বা সমতুল কোনও পরীক্ষায় রায়ক করার বাধ্যবাধকতা নেই। কোর্সের পর পড়ার আইআইটির ক্যাম্পাসে প্লেসমেন্টের সুযোগ পাবেন।

## উচ্চ মাধ্যমিকের পর সিল্ক টেকনোলজি

নিজস্ব প্রতিনিধি: ভারতীয় রেশমের কলর সারা বিশ্বে। এই মুহূর্তে রেশম উৎপাদনে ভারত পৃথিবীতে দ্বিতীয় স্থানে রয়েছে। ভারতীয় রেশমের সব চেয়ে বড় জেলা সংযুক্ত আরব আমিরশাহি এবং তার পরই চীন ও আমেরিকা। ২০২৫ অর্থবর্ষে রেশমসূতাও বস্ত্র রপ্তানি করে প্রায় ২৪.৬ কোটি ডলার রোজগার করেছে ভারত। দেশের রেশম উৎপাদক রাজ্যগুলির মধ্যে পশ্চিমবঙ্গ চতুর্থ। এই ক্ষেত্রে চাকরির ভাঙ্গো সুযোগ রয়েছে।

উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষার পর সিল্ক টেকনোলজিতে চার বছরের বি টেক কোর্স পড়া যায়।

কোথায় পড়বেন: হুগলির গভর্নমেন্ট কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি টেকনোলজি, সেন্ট্রাল সেরিকালচারাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউট, সেন্ট্রাল সিল্ক টেকনোলজিক্যাল রিসার্চ ইনস্টিটিউট।

শিক্ষাগত যোগ্যতা: গণিত, পদার্থবিদ্যা, রসায়ন-সহ উচ্চ মাধ্যমিক পাশ। সেইসঙ্গে সর্বভারতীয় কিংবা রাজ্য জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনে রায়ক থাকতে হবে।

কী পড়ানো হয়: সিল্ক টেকনোলজির স্নাতক কোর্সে পড়ানো হয় রেশম চাষ, গুটি থেকে সূতো তৈরি, রেশম বস্ত্র বয়ন ইত্যাদি।

কী ধরনের চাকরি পাওয়া যায়: সিল্ক টেকনোলজি পড়ে চাকরি হতে পারে সিল্ক টেকনোলজিস্ট, কোয়ালিটি কন্ট্রোল সুপারভাইজার বা রিসার্চ অ্যান্ডিস্ট্যান্ট পদে, কেন্দ্রীয় ও রাজ্য সরকারি টেক্সটাইল দপ্তর এবং বেসরকারি বস্ত্রবয়ন সংস্থায়।

বি টেকের পর দু' বছরের এম টেকও পড়তে পারেন এই বিষয়টি নিয়ে।

**মাটি:** তিল চাষের উপযোগী জমির মাটি হতে হবে দৌশাণ বা বেলে-দৌশাণ। সুরঝুরে মাটি হতে হবে। জমি হবে সমতল। জলনিকাশির সুবিধা থাকতে হবে।

**বীজ বোনা:** তিলের বীজ বোনার উপযুক্ত সময় ফাল্গুন-চৈত্র মাস। বিঘা প্রতি শংসিত বীজের পরিমাণ হতে হবে এক কেজি। প্রতি কেজি বীজের সসে ২.৫-৩ গ্রাম পরিমাণ থাইরাম মাথিয়ে শোধন করে নিতে হবে। সারি থেকে সারির দূরত্ব হতে হবে ৩০ সেন্টিমিটার। গাছ থেকে গাছের দূরত্ব হতে হবে ৮-১০ সেন্টিমিটার।

**সার প্রয়োগ:** সেচ দিয়ে চাষ করলে জমি তৈরির সময় বিঘা প্রতি ৪ কেজি নাইট্রোজেন, ৪ কেজি ফসফরাস এবং ২ কেজি পটাশ, মূল সার হিসেবে প্রয়োগ করতে হবে। পরে ফুল আসার শুরুতে বিঘা প্রতি ৪ কেজি নাইট্রোজেন এবং ২ কেজি পটাশ চাপান হিসেবে প্রয়োগ করতে হবে।

**সেচ প্রয়োগ:** তিল চাষের জন্য ২টি সেচ দরকার হয়। প্রথমটি বীজ বোনার ১০ দিন পরে এবং দ্বিতীয়টি আরও ২০ দিন পরে দিতে হবে।

**পরিচর্যা:** বীজ বোনার ১৫ দিন পরে সারিতে ৮-১০ সেন্টিমিটার দূরত্ব বজায় রেখে বাকি চারাগুলি তুলে ফেলতে হবে। নিয়মিত জমি থেকে আগাছা তুলে ফেলতে হবে।

**শাস্যসুরক্ষা:** পশ্চিমবঙ্গে তিল চাষের ক্ষেত্রে ফাইলোডি খুব বেশি দেখা যায়। আক্রান্ত গাছে ফুল আসতে চায় না। এ ক্ষেত্রে আক্রান্ত গাছ তুলে ফেলতে হবে। শ্যামা অথবা জাব পোকার মাধ্যমে এই রোগ ছড়ায়। বাহক পোকা দমনের জন্য প্রতি লিটারে জলে ২ মিলিলিটার রোগের অথবা ০.১ গ্রাম ক্রোথ্যানলিডিন মিশিয়ে ১০-১৫ দিন অন্তর দু' বার স্প্রে করতে হবে। লোদা বা বিছা পোকাও তিলগাছের প্রভূত ক্ষতি করে। এই ক্ষতিকারক পোকা নিয়ন্ত্রণের জন্য ট্রায়াজোক্সম প্রতি লিটারে ১ মিলিলিটার হিসেবে মিশিয়ে স্প্রে করতে হবে।

**ফসল তোলা:** ফলের মধ্যে দানাগুলি শক্ত হয়ে গেলে এবং ফলগুলি ফেটে যাওয়ার আগেই ফসল কাটতে হবে। দেরি করলেই তিলের ফলগুলি ফেটে বীজগুলি জমিতে ছড়িয়ে পড়বে।

**ফলন:** গ্রীষ্মকালীন তিলের বিঘাপ্রতি গড় ফলন হবে ১৫০-২০০ কেজি।

অ্যারিথমেটিক, ইংলিশ কম্প্রিহেনশন, লজিক্যাল রিজনিং, জেনারেল নলেজ ও অ্যাপ্টিটিউড। দ্বিতীয় পাঠে থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশ্ন। প্রতিটি পাঠ ৫০ নম্বর করে। সময় দেড় ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: <https://hillmt.cbtxam.in/> প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১০ মার্চ পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ফটো, সই ও প্রয়োজনীয় যাবতীয় নথিপর্যায় আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,১৮০ টাকা (জিএসটি সহ)। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। তফসিলি ও দৈনিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না। যুটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: [www.lifecarehill.com](http://www.lifecarehill.com)

## কৃত্রিম পরিবেশে কেশর চাষের

### অনলাইন ও অফলাইন প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি: কেশর চাষের জন্য গোটা বিশ্বে খ্যাতি ভারতের। এ দেশে কেশরের অর্থকরী চাষ হয় কাশ্মীরের পাম্পোরে। এছাড়াও কয়েক বছর হল ভারতের অন্য বেশ কয়েকটি রাজ্যেও কৃত্রিম পরিবেশ গড়ে তুলে সফল ভাবে কেশরের চাষ করা হচ্ছে। এই রাজ্যগুলির অন্যতম পশ্চিমবঙ্গ।

খাবারের ব্যবহার করা ছাড়াও প্রসাধনী ও গুণ্ডু তৈরিতে জাকরান বা কেশরের ব্যবহার রয়েছে। পৃথিবী জুড়ে এর যা চাহিদা, জোগান সে তুলনায় নেহাতই কম। তাই দামও আকাশছোঁয়।

এ-রাজ্যের বেকার তরুণ-তরুণীদের উপার্জনের দিশা দেখাতে পারে কৃত্রিম পদ্ধতিতে জাকরান চাষ। কাচের বয়ামে শুকিয়ে রাখা কেশর সংরক্ষণ করা যায় ও থেকে ৭ বছর। কেশরের পাপড়ি, রেণু ও বীজ, সবই বিক্রি হয় ভালো দামে। সুতরাং ঠিক ভাবে চাষ করতে পারলে এর থেকে আয় হবে যথেষ্ট। তবে তার আগে কৃত্রিম উপায়ে কেশর চাষের প্রশিক্ষণ নেওয়া জরুরি।

### কোথায় প্রশিক্ষণ

চলতি মাসেই কেশর চাষের অফলাইন ও অনলাইন প্রশিক্ষণ দেবে উত্তরপ্রদেশের প্রেটার নয়ডার ইনস্টিটিউট অব হার্টিকালচার টেকনোলজি।

**অফলাইন স্যাক্রন কান্ট্রিডেশন:** ১০ দিনের হাতে-কলমে কোর্স। ১৫ জনের ব্যাচে পড়ানো হবে। বয়সের কোনও বাধ্যবাধকতা নেই। মহিলা ও পুরুষ উভয়েই আবেদন করতে পারেন। হোস্টেলে থাকার ব্যবস্থা আছে। কোর্সের মেয়াদ: ১৭ থেকে ১৯ মার্চ। প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত ক্লাস। ফি: ৯,৮০০ টাকা।

**অনলাইন স্যাক্রন কান্ট্রিডেশন:** একই কোর্স অনলাইনেও পড়ানো হবে। পশ্চিমবঙ্গের বাসিন্দারা অনলাইন কোর্সও করতে পারেন। ১০ জনের ব্যাচে পড়ানো হবে। কোর্সের মেয়াদ: ১৭ ও ১৮ মার্চ। প্রতিদিন দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত ক্লাস। ফি: ৫,৪০০ টাকা।

### কী পড়বেন

পড়ানো হবে উন্নত ও আধুনিক চাষের পদ্ধতি, জল ও সারের যথাযথ প্রয়োগ, রোগ প্রতিরোধ করার পদ্ধতি, ফসলের গুণগত মান বজায় রাখার পদ্ধতি।

**পঠনপাঠনের মাধ্যম:** হিন্দি এবং ইংরেজি। অনলাইন আবেদন করতে হবে। আবেদনের পক্ষি ও অন্যান্য তথ্যের জন্য দেখুন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইট: <https://iit.edu.in/view-courses/>

**Samata Co-operative Development Bank Ltd.**  
Invite application from suitable candidates for the post of **Junior Assistant** of Samanta Cooperative Development Bank Ltd. Kolkata. Details of the recruitment- 1) Post Junior Assistant, Age: 21yrs-40yrs, Qualification-Graduation (Hons)/B.Tech/BCA, knowledge in Computer, Experience-3 Years in a Bank/NBFC. The above mentioned posts will be on contractual basis. All application to reach us within 4th March 2026 at e-mail id given below:  
[career@samatabank.org](mailto:career@samatabank.org)

**CRACK SERIES BOOKS**  
CRACK COMPETITIVE EXAMS

**32nd Revised Edition Published**

**CRACK-WBCS (Part-I)**  
General Studies (Prelims & Mains)  
Rs. 1600/-

**CRACK-WBCS (Part-II)**  
(Mains)  
Rs. 700/-

**CRACK POLICE SERVICES**  
Prelims & Mains  
Rs. 650/-

মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড  
১০ শ্যামাচরণ দে স্ট্রিট, কলকাতা ৭০০ ০৭৩  
ফোন: (০৩৩) ২২৪১-৬৪১৩  
mitraghoshpublisherpvtltd@gmail.com  
+91 6289425035

# কারেন্ট অ্যাফেয়ার্স

২১ জানুয়ারি-২৯ জানুয়ারি

**২১ জানুয়ারি** দাভোচে চলা ওয়ার্ল্ড ইকনমিক ফোরামের (ডব্লিউইএফ) মধ্যে দাঁড়িয়ে কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব দাবি করলেন, আগামী পাঁচ বছরে ভারতের প্রকৃত জিডিপি বৃদ্ধির হার ৬-৮ শতাংশ থাকবে। কয়েক বছরের মধ্যেই দেশ তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হবে।

## ভারত-ইইউ বাণিজ্য চুক্তি নিয়ে দর কষাকষি চূড়ান্ত



২৭ জানুয়ারি: ভারত ও ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি নিয়ে দর কষাকষি চূড়ান্ত হল। এদিন দর কষাকষি শেষ হওয়ার রাজনৈতিক ঘোষণাপত্রে সই হয়েছে। এর পরে চুক্তির চূড়ান্ত ঘোষণা হবে। তার পরে খতিয়ে দেখা হবে তার অর্থনি দিকগুলি। ইইউ-এর ২৭টি দেশ চুক্তিতে সায় দিলে ইউরোপীয় পার্লামেন্টের অনুমোদনের পর হবে সইসাব্দ। তার পরেই শুরু হবে মুক্ত বাণিজ্য। বাণিজ্যমন্ত্রী পীযুষ গয়ালের মতে, ২০২৬-এর মধ্যেই মুক্ত বাণিজ্য চুক্তি রূপায়ণ হবে।

## ২২ জানুয়ারি

গ্রিনল্যান্ডের নিরাপত্তার বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে গঠনমূলক আলোচনায় রাজি হলেন ডেনমার্কের প্রধানমন্ত্রী মেট ফ্রেডরিকসন। তবে তিনি দাবি করছেন যে, উত্তরমেরুর ওই অঞ্চলের সার্বভৌমত্ব নিয়ে কোনও আপস করবে না তাঁর সরকার। ভারত বা পাকিস্তান নয়, বাংলাদেশই হবে তাঁদের অগ্রাধিকার, এই বার্তা দিয়েই জাতীয় সংসদ নির্বাচনের


প্রচার শুরু করলেন বিএনপির বর্তমান শীর্ষনেতা তারেক রহমান। এদিন সিলেটে প্রথম নির্বাচনী সভায় বিএনপি প্রধান বলেন, 'যেহেতু আমরা বিশ্বাস করি দেশের মানুষই আমাদের রাজনৈতিক ক্ষমতার উৎস, সেজন্যই আমরা দেশের মানুষের ভাগ্যায়মে বিশ্বাস করি।' সারা বিশ্বের মহিলাদের মধ্যে ষষ্ঠ এবং ভারতীয়দের মধ্যে প্রথম খেলোয়াড় হিসেবে ৫০০তম ম্যাচ জিতলেন পিতি সিদ্ধু। অলিম্পিকে



মৌদীজি, এটা উত্তর কোরিয়া নয়, ভারত। এখানে সরকার নিজেকে রাষ্ট্র মনে করলে, ভিন্ন মতকে শত্রু মনে করলে, গণতন্ত্র শেষ হয়ে যাবে।

রাহুল গান্ধী, কংগ্রেস নেতা ও লোকসভার বিরোধী দলনেতা নয়াদিল্লির এই আই সম্মেলনে যুব কংগ্রেসের প্রতিবাদের ঘটনায় বেশ কয়েকজন নেতা কর্মীকে গ্রেপ্তারের প্রতিবাদে

## প্রয়াত মার্ক টালি



২৫ জানুয়ারি: প্রবীণ ব্রিটিশ সাংবাদিক মার্ক টালি (৯০) নয়াদিল্লিতে প্রয়াত হলেন। বিবিসি-র দক্ষিণ এশিয়ার প্রতিনিধি হিসেবে দীর্ঘদিন ভারতে থেকে কাজ করেছেন টালি। শেষে পাকপাকিভাবে এদেশেই থেকে যান। গোটা বিশ্বের কাছে বিবিসি-র সৌন্দর্য তৈরি পরিচিত ছিলেন 'ডয়েস অব ইন্ডিয়া' নামে। দুর্ভিক্ষ থেকে বন্যা, অপারেশন ব্লু স্টার থেকে শুরু করে বাবারি মসজিদ ধ্বংস, খবর কভার করতে ছুটে গিয়েছেন ভারতের বিভিন্ন প্রান্তে, প্রত্যন্ত গ্রামে। ১৯৯২ সালে পদ্মশ্রী এবং ২০০৫ সালে পদ্মভূষণ সম্মান লাভ করেন। ২০০২ সালে ব্রিটিশ সরকার তাঁকে নাইটহুড দিয়ে সম্মানিত করে।

## বিমান দুর্ঘটনায় প্রয়াত



২৮ জানুয়ারি: মহারাষ্ট্রের বারামতী বিমানবন্দরে নামতে গিয়ে ভেঙে পড়ল সে রাজ্যের উপ-মুখ্যমন্ত্রী অজিত পাওয়ারের (৬৬) বিজনেস জেট। মর্মান্তিক এই দুর্ঘটনায় অজিত, তাঁর দেহরক্ষী, দুই পাইলট ও এক বিমানকর্মী— বিমানে থাকা সকলেরই মৃত্যু হয়েছে। এদিন সকালে মন্ত্রিসভার বৈঠকে যোগ দিয়েই অজিত রওনা হয়েছিলেন বারামতীর উদ্দেশে। সেখানে কয়েকটি জনসভা করার কথা ছিল তাঁর। তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খট্টো এই দুর্ঘটনায় তদন্ত দাবি করেছেন। যদিও অজিত পাওয়ারের কাকা এনসিপি প্রধান শরদ পাওয়ার ষড়যন্ত্রের সন্ধানবা খারিজ করে দিয়ে এটিতে দুর্ঘটনা বলেই বর্ণনা করেছেন।

## পদ্ম পুরস্কার ২০২৬



প্রথম সারি: ধর্মেন্দ্র, ডি এস অচ্যুতানন্দ, কে টি ধর্মাস, এন রাজম এবং পি নারায়ণ। দ্বিতীয় সারি: বিজয় অমৃতরাজ, অলক ইয়াগনিক, উদয় কোটাক, পীযুষ পাতে, শিবু সোয়েন, ডি কে মালহোত্র। তৃতীয় সারি: প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, কুমার বসু, তরুণ ভট্টাচার্য, হরিমাধব মুখোপাধ্যায়, জ্যোতিষ দেবনাথ, মহেন্দ্রনাথ রায়। চতুর্থ সারি: তৃপ্তি মুখোপাধ্যায়, গভীর সিংহ ইয়াজেন, রবিলাল টিডু, সরোজ মণ্ডল এবং অশোক কুমার হালদার।

২৫ জানুয়ারি: প্রজাতন্ত্র দিবসের একদিন আগে প্রথমাম্বিক পদ্ম-সম্মান ঘোষিত হল। এবারের ৫ জন পদ্মবিভূষণ ও ১৩ জন পদ্মভূষণের তালিকায় কোনও বাঙালি নেই। ১৩১ জন পদ্মশ্রীর মধ্যে বাংলা থেকে পেয়েছেন ১১ জন। মরণোত্তর পদ্মবিভূষণ প্রদান করা হয়েছে অভিনেতা ধর্মেন্দ্র (ধর্মেন্দ্র সিং দেওল) এবং কেরালার প্রাক্তন মুখ্যমন্ত্রী ডি এস অচ্যুতানন্দকে। বাকি তিন পদ্মবিভূষণ প্রাপক হলেন কে টি থামাস, এন রাজম এবং পি নারায়ণ। পদ্মভূষণ প্রাপকদের অন্যতম হলেন বিজয় অমৃতরাজ, অলক ইয়াগনিক, উদয় কোটাক, পীযুষ পাতে (মরণোত্তর), শিবু সোয়েন (মরণোত্তর), ডি কে মালহোত্র (মরণোত্তর)। বাংলা থেকে পদ্ম-তালিকায় সবচেয়ে পরিচিত নাম প্রসেনজিৎ চট্টোপাধ্যায়। বাকিরা হলেন কুমার বসু, তরুণ ভট্টাচার্য, হরিমাধব মুখোপাধ্যায় (মরণোত্তর), জ্যোতিষ দেবনাথ, মহেন্দ্রনাথ রায়, তৃপ্তি মুখোপাধ্যায়, গভীর সিংহ ইয়াজেন, রবিলাল টিডু, সরোজ মণ্ডল এবং অশোক কুমার হালদার।

জ্যোতিষ পদকজয়ী সিদ্ধু ইন্দোনেশিয়া ওপেনে ডেনমার্কের প্রতিযোগীকে হারিয়ে কোয়ার্টার ফাইনালে গুণ্ডার সঙ্গে সঙ্গে এই নজির গড়লেন।

## ২৩ জানুয়ারি

নয়াদিল্লির সঙ্গে আরও গভীর অর্থনৈতিক সম্পর্কের পক্ষে দৃঢ় সমর্থনের কথা জানাল নরওয়ে। ইউরোপের অন্যতম গুরুত্বপূর্ণ এই দেশটির ভারতে নিযুক্ত রাষ্ট্রদূত মে-ক্রলিন স্টেনার জানিয়েছেন ভারত এবং ইউরোপীয় ইউনিয়নের মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) একটি 'ঐতিহাসিক মাইলফলক' হতে চলেছে। এই চুক্তি নরওয়ে এবং বৃহত্তর ইউরোপীয় অঞ্চলের সঙ্গে ভারতের বাণিজ্য সম্পর্কের একটি ইতিবাচক গতি তৈরি করবে।

২০২৫ সালে ভারতে প্রত্যক্ষ বিদেশি লারি (এফডিআই) ৭৩% বেড়ে ৪,৭০০ কোটি ডলারে পৌঁছেছে বলে জানাল রাষ্ট্রপুঞ্জের পরিসংখ্যান। মূলত পরিষেবা ও উৎপাদন খাতে বৃদ্ধি ধরনের বিনিয়োগ এবং বিশ্বের জেগান-শৃঙ্খলের মধ্যে ভারতকে শামিল করতে কেন্দ্রের নানা সংস্কারের ফলেই বিদেশি সংস্থাগুলি ভারতে

চুকতে পেরেছে বলে জানিয়েছে পরিসংখ্যান প্রদানকারী সংস্থা। তবে ভারতের উন্নতি হলেও চিনের এফডিআই টানা তৃতীয় বছর কমেছে বলেও উঠে এসেছে রাষ্ট্রপুঞ্জের পরিসংখ্যানে।

## ২৪ জানুয়ারি

যেভাবে পশ্চিমবঙ্গের ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের (এসআইআর) কাজ করা হচ্ছে, তা নিয়ে ২৪ জানুয়ারি গভীর ক্ষোভ প্রকাশ করলেন নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন। তিনি আশঙ্কা প্রকাশ করেছেন এই প্রক্রিয়া তাড়াহুড়া করে করার ফলে পশ্চিমবঙ্গের বিধানসভা ভোটের আগে গণতান্ত্রিক প্রক্রিয়া ক্ষতিগ্রস্ত হতে পারে। বিভিন্ন দেশের সঙ্গে বাণিজ্য চুক্তি দেশে-বিদেশে ভারতীয় যুবকদের জন্য কাজের সুযোগ তৈরি করেছে বলে দাবি করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এদিন নয়াদিল্লিতে ১৮তম রোজগার মেলায় প্রায় ৬১ হাজার সরকারি নিয়োগের চিঠি বিলি করা হয়। মোদী বলেন, 'গত কয়েক বছরে' রোজগার মেলা একটি

## অশোকচক্র পেলেন শুভাংশু, সোফিয়া পেলেন বিশিষ্ট সেবা পদক



২৫ জানুয়ারি: মহাশূন্যে যাত্রার সফল নজির গড়ে মহাকাশচারী ও ভারতীয় বায়ুসেনার গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু গুপ্ত সর্বোচ্চ সামরিক সম্মান অশোক চক্র পেলেন। তাঁর ১৮ দিনের অভিযানে ৬০টিরও বেশি বৈজ্ঞানিক পরীক্ষায় অংশগ্রহণ করেন ভারতীয় বায়ুসেনার অফিসার। অন্যদিকে ভারতীয় সেনার কর্নেল সোফিয়া কুরেশি বিশিষ্ট সেবা পদকে সম্মানিত হয়েছেন। পহেলাগমে জঙ্গি হামলার পরে পাকিস্তান ও পাক-অধিকৃত কাশ্মীরে ভারতের 'অপারেশন সিঁদুর'-এর তথ্য সংবাদমাধ্যমকে জানানোর অন্যতম দায়িত্বে ছিলেন তিনি।

প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।' যদিও লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী প্রশ্ন তুলেছেন, আমেরিকার সঙ্গে বাণিজ্য-চুক্তির ফলে দেশের যে ব্যবসায়ীরা ক্ষতির সম্মুখীন হয়েছেন, তাঁদের স্বার্থের প্রশ্নে প্রধানমন্ত্রী নীরব কেন।

## ২৬ জানুয়ারি

ইরানের উপর চাপ বাড়িয়ে পশ্চিম এশিয়ার জলসীমায় পৌঁছল বিশাল মার্কিন নৌবহর। যার ফলে ওই এলাকায় উত্তেজনা বাড়া সত্তাবনা তৈরি হল। তেহরান ইশিয়ারি দিয়ে জানিয়েছে তাদের উপরে কোনও ধরনের আক্রমণ হলেই তা যুদ্ধ পরিস্থিতি বলে বিবেচিত হবে। তবে হোয়াইট হাউস সূত্রে জানানো হয়েছে, ইরান চাইলে ট্রাম্প প্রশাসনও আলোচনার জন্য রাজি আছে। উল্লেখ্য, ইরানের সাম্প্রতিক আশান্তি এবং আন্দোলনকারীদের উপরে 'দমন-পীড়ন' নিয়ে ইশিয়ারি দিয়ে রেখেছিলেন ট্রাম্প। বিক্ষোভকারীদের পাশে থাকার বার্তা দিয়ে তিনি জানান, একদিনে ১১,৭৫০ টাকা বাতুল ১০ গ্রাম খুচরো সোনার দাম। নতুন নজির গড়ে সোনার দাম উঠল ১,৭৮,৪৫০ টাকা। জিএসটি ধরে রূপোর দাম পৌঁছেছে ৪ লক্ষ টাকার কাছাকাছি। অন্যদিকে, টাকার দামে পতন ধারাবাহিকভাবে হয়েই চলেছে। এক ডলার-এর দাম নজিরবিহীনভাবেই ৯১.৯৯ টাকায় পৌঁছেছে। এক আর্থিক সমীক্ষায় দাবি করা হয়েছে, তু-রাজনৈতিক অস্থিরতা এবং আমেরিকার শুষ্কই সোনা-স্বপোর এমন চড়া দামের জন্য দায়ী। সমস্যা দুটি না মেটা পর্যন্ত উত্থান চলতে পারে। টাকার দাম নিয়েও সমীক্ষায় উদ্বেগের সুর রয়েছে।

## নাজিরাবাদে অগ্নিকাণ্ড, মৃত অন্তত ২৭



২৬ জানুয়ারি: পূর্ব কলকাতার আনন্দপুর বাইপাসের নাজিরাবাদে দুটি গুদামে বিধ্বংসী অগ্নিকাণ্ডে অন্তত ২৭ জনের মৃত্যু হল। মর্মান্তিক এই অগ্নিকাণ্ডের ৩৮ ঘণ্টা পরেও ঘটনাস্থল থেকে একটিও সম্পূর্ণ সেই খুঁজে পাননি উদ্ধারকারীরা। পুড়ে ছাই হয়ে যাওয়া গুদাম দুটি থেকে পাওয়া গিয়েছে শুধু হাড়গোড়া আর দেহাংশ। জানা গিয়েছে মৃতদের পরিচয় জানতে সময় লাগবে। ডিএনএ পরীক্ষা ছাড়া কারও পরিচয় নির্ধারণ করা সম্ভব নয়। এই ঘটনায় প্রশাসনের ভূমিকা নিয়েও প্রশ্ন উঠেছে। বিশেষ করে পূর্ব কলকাতা জলাভূমির মতো আন্তর্জাতিক স্বীকৃতি পাওয়া জায়গায় (রামসার সাইট) নীচেরে জলা বুজিয়ে এত বড় গুদাম তৈরি এবং ব্যবসার কাজে লাগানো হল সেই প্রশ্ন উঠেছে।

# আপনার ভরসাযোগ্য হাইড্রেশন সঙ্গী

এখন

# নতুন এবং আরও উন্নত<sup>^</sup>



**2x**\*

আরও দ্রুত  
হাইড্রেশন

**4x**#

আরও বেশি  
ইলেকট্রোলাইট

3 VITAL ELECTROLYTES  
WITH VITAMIN C

HYDRATES FASTER  
THAN JUST WATER

READY TO SERVE FRUIT BEVERAGE

CONTAINS SUCRALOSE<sup>®</sup>  
CONTAINS NON-CALORIC SWEETENER

Creative Visualisation

<sup>^</sup>2x faster hydration as compared to hypertonic beverages. <sup>#</sup>4x more Electrolytes compared to leading brand of sports (electrolyte) drink. <sup>\*</sup>87% Less sugar compared to previous variant under erstwhile brand name. <sup>®</sup>During Mild to moderate Non-Diarrheal dehydration only. ERZL electrolyte drinks contain sucralose, a safe, non-caloric sweetener that is duly permitted by FSSAI for use in Ready-to-Serve fruit beverages. The safety & permissibility of sucralose is recognized by Indian as well as International Regulatory Authorities including FSSAI, Codex Alimentarius Commission, EFSA, and U.S. FDA, based on extensive safety evaluations and published scientific research.

## চাকরির পরীক্ষায় বঙ্গবন্ধু কোটিং

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে


# ৫৪৮৮ গ্রুপ 'ডি'

নিয়োগ-পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

প্রথম সেট

- স্বাধীনতার সময় ভারতের জাতীয় কংগ্রেসের সভাপতি কে ছিলেন?  
(a) কে বি কৃপালিনী (b) মৌলানা আবুল কালাম আজাদ (c) চক্রবর্তী রাজা গোপালাচাৰী (d) জগদহরলাল নেহরু
- ভারতের জাতীয় বাহিনীর প্রতিষ্ঠাতা অধিনায়ক কে ছিলেন?  
(a) নেতাজী সুভাষচন্দ্র বসু (b) রাসবিহারী বসু (c) স্যাম্পটন মোহন সিং (d) উপরের কোনটি সঠিক
- পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্য অঞ্চল কোন রাজ্যে দেখা যায়?  
(a) কনিটক (b) পশ্চিমবঙ্গ (c) বিহার (d) তেলঙ্গানা
- ভারতে কোন রাজ্যে সব থেকে বেশি কফি উৎপাদন হয়?  
(a) কেরালা (b) অন্ধ্রপ্রদেশ (c) তামিলনাড়ু (d) কনিটক
- ভারতে কোথায় জাফরান চাষ হয়?  
(a) জম্মু ও কাশ্মীর (b) মণিপুর (c) আসাম (d) নাগাল্যান্ড
- ভারতীয় সংবিধান সংশোধনের ক'টি পদ্ধতি আছে?  
(a) একটি (b) তিনটি (c) দুটি (d) চারটি
- সুপ্রিম কোর্ট কত ধরনের ফৌজদারি আপিল করা হয়?  
(a) দু'ধরনের (b) চার ধরনের (c) তিন ধরনের (d) পাঁচ ধরনের
- পশ্চিমবঙ্গে আই সি টি ল্যাব প্রকল্প শুরু হয় কত সালে?  
(a) 2000 (b) 2003 (c) 2005 (d) 2007
- পশ্চিমবঙ্গে শিক্ষাব্যবস্থার প্রধান লক্ষ্য কি ছিল?  
(a) মুখস্থ বিদ্যা (b) পরীক্ষা নির্ণয় (c) ধারণা ভিত্তিক শিক্ষা (d) কোনওটিই নয়
- ভারতের কোন রাজ্যে মাস্তো উৎসব পালিত হয়?  
(a) ঝাড়খণ্ড (b) বিহার (c) কনিটক (d) গোয়া
- জগন্নাথ দেব-এর পূজা উপলক্ষে কোন উৎসব পালন হয়?  
(a) রথযাত্রা (b) ত্রিশূল পূরম (c) হেমিস (d) লোসার
- প্রত্যেক বছর রাজস্থানের কোন জেলায় হাতি উৎসব পালন হয়?  
(a) আলওয়ার (b) কোটা (c) জয়পুর (d) আজমের
- HTML পুরো নাম কী?  
(a) Hyper Text Marking Language (b) High Text Markup Language (c) Hyper Text Markup Language (d) Hyper Transfer Markup Language
- ISO পুরো নাম কী?  
(a) International Standard Office (b) Indian Standard Organization (c) International Service Organization (d) International Organization for Standardization
- LOGO হল একটি:  
(a) শ্রেণামিগ ভাষা (b) অপারেটিং সিস্টেম (c) ভাইরাস (d) সার্ভার
- ভারতের মিথেন গ্যাসের একটি প্রধান উৎস হল:  
(a) ফুলের বাগান (b) ফলের বাগান (c) চা বাগান (d) ধান চাষের জমি
- ভারতে কত সালে প্ররিবেশ সংরক্ষণ আইন পাশ হয়?  
(a) 2002 (b) 1986 (c) 2010 (d) 1981
- পুরনো গাড়ির দূষণ নিয়ন্ত্রণের জন্য যে আইন চালু হয়েছে তা হল:  
(a) URO 2000 (b) URO 2001 (c) URO 2002 (d) URO 2003
- রেল কর্মীদের বীমা কভারেজ বৃদ্ধির জন্য কার সঙ্গে মৌ স্বাক্ষর হয়েছে?  
(a) SBI (b) Punjab National Bank (c) Canara Bank (d) Axis Bank
- কোন দেশ সবচেয়ে বেশিবার ওয়ার্ল্ড কাপ ফুটবল চ্যাম্পিয়ন হয়েছে?  
(a) জর্মানি (b) ব্রাজিল (c) ইংল্যান্ড (d) আর্জেন্টিনা
- 200 এবং 300-এর মধ্যে বৃহত্তম কোন সংখ্যাকে 6, 8 এবং 9 দ্বারা ভাগ করলে প্রতি ক্ষেত্রেই 5 ভাগশেষ থাকবে?  
(a) 288 (b) 283 (c) 293 (d) 20
- দুটি সংখ্যার গুণফল 1575 এবং ভাগফল 7 হলে সংখ্যা দুটি কী কী?  
(a) 205 ও 15 (b) 15 ও 105 (c) 225 ও 15 (d) 25 ও 135
- 5625 টাকা A, B, C-এর মধ্যে এমনভাবে ভাগ করা হল যাতে A একা B ও C-র অর্ধেক পায় এবং B পায় A ও C-এর  $\frac{1}{4}$  অংশ, B অপেক্ষা A কত বেশি পাবে?  
(a) 750 টাকা (b) 850 টাকা (c) 650 টাকা (d) 500 টাকা
- কোনও ব্যক্তি বাৎসরিক 5% সরল সুদের হার 2400 টাকা জমা রাখল। ওই টাকা থেকে 3000 টাকা দিয়ে একটি জিনিস কিনতে তাকে কত বছর অপেক্ষা করতে হবে?  
(a) 2 বছর (b)  $2\frac{1}{2}$  বছর (c)  $3\frac{1}{2}$  বছর (d) 5 বছর
- 10 বছর আগে পিতার বয়স পুত্রের বয়সের  $4\frac{1}{3}$  গুণ ছিল। 10 বছর পর পিতার বয়স পুত্রের বয়সের  $2\frac{3}{7}$  গুণ হবে। বর্তমানে পিতা ও পুত্রের বয়সের সমষ্টি কত?  
(a) 65 বছর (b) 100 বছর (c) 75 বছর (d) 90 বছর
- 11টি সংখ্যার গড় 10.9; যদি প্রথম 6টি সংখ্যার গড় 10.5 এবং শেষের 6টি সংখ্যার গড় 11.4 হয়, তবে ষষ্ঠ সংখ্যাটি হবে:

- 11.3 (b) 11.4 (c) 11.5 (d) 11.2
- A একটি কাজের  $\frac{3}{4}$  অংশ করে 18 দিনে। B, A-এর দ্বিগুণ ভালো কাজ করে। ব্যক্তি কাজটি করতে B-র সময় লাগবে:  
(a) 3 দিন (b) 9 দিন (c) 12 দিন (d) 27 দিন
- A, B এবং C-এর মধ্যে 350 টাকা এমনভাবে ভাগ করে দাও যেন A-এর অংশ : B-এর অংশ = 2 : 3 এবং B-এর অংশ : C-এর অংশ = 4 : 5।  
(a) A 80 টাকা, B 120 টাকা, C 150 টাকা (b) A 40 টাকা, B 60 টাকা, C 75 টাকা (c) A 160 টাকা, B 240 টাকা, C 300 টাকা (d) A 16 টাকা, B 24 টাকা, C 30 টাকা
- একটি সংখ্যাকে 10% কমালে 30 হয়। 5 সংখ্যাটি বের করুন:  
(a) 300 (b) 3 (c)  $33\frac{1}{3}$  (d) 305
- 504 জন ছাত্র-ছাত্রী বিশিষ্ট একটি স্কুলে ছেলে ও মেয়ের সংখ্যার অনুপাত 13 : 11। 12 জন মেয়ে স্কুল ছেড়ে চলে গেলে ওই অনুপাত কত হবে?  
(a) 91 : 73 (b) 91 : 81 (c) 73 : 91 (d) 81 : 91
- যদি 'GREAT' শব্দটি দ্বারা '20 - 9 - 22 - 26 - 7' প্রকাশ করা হয় তবে 'RATE' শব্দটির সাংকেতিক অর্থ কী হবে?  
(a) 9 - 26 - 7 - 5 (b) 9 - 25 - 7 - 22 (c) 9 - 26 - 7 - 22 (d) 9 - 26 - 7 - 5
- যদি একটি সাংকেতিক পদ্ধতি ব্যবহার করে 'WARM' কথাটির 'ZDUP' দিয়ে এবং 'FACE' কথাটিকে 'IDFH' দিয়ে প্রকাশ করা হয় তবে 'FUHDP' নীচের কোন কথাটি থেকে পাওয়া যাবে?  
(a) CRAME (b) CRAEM (c) CREAM (d) CEARM
- নীচের চারটি শব্দের মধ্যে কোনটি অভিধানে আগে আসবে?  
(a) Implore (b) Impress (c) Inculcate (d) Impose
- যদি প্রথম চারটি বর্ণমালা ও শেষ চারটি বর্ণমালা বিপরীতক্রমে সাজানো হয় তবে B-এর ডানদিকে 20তম বর্ণ কোনটি?  
(a) P (b) X (c) Y (d) Z
- যদি BEST = 46, এবং CAT = 24 তবে 'ACTOR'-এর মান কত?  
(a) 47 (b) 42 (c) 36 (d) 57
- 6 জন বালক বৃত্তাকারে দাঁড়িয়ে আছে। প্রত্যেকের মুখ বৃত্তকেন্দ্রের দিকে। অলোক দাঁড়িয়েছে প্রভাতের বাদিকে। সুনীল আছে অশোক ও বিকাশের মাঝে। হরি দাঁড়িয়েছে অলোক ও অশোকের মাঝে। হরির বাদিকে কে আছে?  
(a) অলোক (b) অশোক (c) সুনীল (d) প্রভাত
- চিত্রটিতে ক'টি ত্রিভুজ আছে?



- 18 (b) 22 (c) 32 (d) 12
- যদি 'INCONSISTENT' শব্দটি প্রথম চারটি অক্ষর বিপরীতক্রমে, পুরের চারটি অক্ষর বিপরীতক্রমে এবং ক্রমশ এভাবে সাজানো যায়, তবে রূপান্তরিত শব্দটির নবম স্থানে কোন অক্ষরটি থাকবে?  
(a) T (b) N (c) S (d) I
- কোনও এক লাইনে মোট 39 জন ছাত্র আছে। কৌশিক ডানদিক থেকে 17তম হলেও বাঁদিক থেকে কততম স্থানে আছে?  
(a) 22তম (b) 24তম (c) 25তম (d) 23তম
- রাম সুনীতার চেয়ে ছোট কিন্তু রীতার চেয়ে বড়, রীতা, গীতার চেয়ে বড় এবং শ্যাম রীতার চেয়ে বড় কিন্তু রাধার চেয়ে ছোট, তবে সবচাইতে ছোট কে?  
(a) রাধা (b) গীতা (c) সুনীতা (d) কেউই নয়

উত্তর

- 1(a), 2(c), 3(b), 4(d), 5(a), 6(b), 7(c), 8(b), 9(c), 10(d), 11(a), 12(c), 13(c), 14(d), 15(a), 16(d), 17(b), 18(a), 19(d), 20(b), 21(c), 22(b), 23(a), 24(d), 25(b), 26(c), 27(a), 28(a), 29(c), 30(a), 31(c), 32(c), 33(b), 34(b), 35(d), 36(b), 37(b), 38(a), 39(d), 40(b).

সমাধান

- 21(c):  $6, 8, 9$ -এর ল.স.ও = 72  
নির্ধেয় সংখ্যা =  $(72 \times 4) + 5 = 293$ .
- 22(b): একটি সংখ্যা =  $\sqrt{1575 \times 7} = 105$   
∴ অপর সংখ্যা =  $1575 \div 105 = 15$ .
- 23(a):  $A = \frac{B+C}{2}$ ,  $B = \frac{A+C}{4}$   
∴  $2A - B - C, 4B - A - C \Rightarrow 3A = 5B$  এবং  $7B = 3C$   
 $A : B : C = 5 : 3 : 7$  ∴ A বেশি পাবে =  $5625 \times \frac{7-5}{15} = 750$ .
- 24(d): সুদ =  $3000 - 2400 = 600$   
 $\frac{600 \times 100}{2400 \times 5} = 5$  বছর।

## রেলে নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি

সি বি টি-১ নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

- 'ভাইসরয়' কথাটির অর্থ কী?  
(a) গভর্নরের প্রতিনিধি (b) মধ্যবর্তভোগী (c) রাজপ্রতিনিধি (d) দেওয়ান
- নীচের কোনটি স্ক্রলার রাশি?  
(a) আয়তন (b) ওজন (c) বেগ (d) বল
- বায়ুমণ্ডলের কোন স্তরে উষ্ণতা সব থেকে বেশি?  
(a) ওজোনোস্ফিয়ার (b) স্ট্র্যাটোস্ফিয়ার (c) আয়োনোস্ফিয়ার (d) ট্রোপোস্ফিয়ার
- জলপ্রপাত বিপুল পরিমাণে জল প্রবাহিত হলে তাকে বলে:  
(a) বরফোত (b) প্রলম্বপুল (c) ক্যাটারাক্ট (d) কাসকেড
- কোন মহিলাকে ভারতের 'আয়রন লেডি' বলা হয়?  
(a) সরোজিনী নাইডু (b) অ্যানি বেসান্ত (c) দুর্গাবাই দেশমুখ (d) কল্পনা দত্ত
- জার্মানিয়া ও সিলিকনকে বলা হয়:  
(a) পরিবাহী (b) তাপ পরিবাহী (c) অর্ধপরিবাহী (d) ধাতু
- ভারতের এক নাগরিকদের ব্যবহৃত নিম্নলিখিত কোনটির বিরোধিতা করে?  
(a) যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার (b) বিচার ব্যবস্থার (c) মৌলিক অধিকারের (d) সর্বোচ্চ পণতন্ত্রের
- ব্যাঙ্কেরিয়ার ক্রেমাজোম সংখ্যা কত?  
(a) 4 (b) 1 (c) 0 (d) 3
- তাপমাত্রা বৃদ্ধির সঙ্গে শব্দ গতি:  
(a) হ্রাস পায় (b) বৃদ্ধি পায় (c) পরিবর্তিত হয় (d) অপরিবর্তিত থাকে
- অ্যানি বেসান্ত কংগ্রেসের কোন অধিবেশনে সভাপতিত্ব করেছিলেন?  
(a) কলকাতা (b) এলাহাবাদ (c) বোম্বাই (d) লখনউ
- রাজ্যপাল কর্তৃক ঘোষিত অভিন্যাস কত সময়ের মধ্যে রাজ্য আইনসভা কর্তৃক অনুমোদিত হয়?  
(a) 6 মাস (b) 12 সপ্তাহ (c) 6 সপ্তাহ (d) 1 বছর
- কার শাসনব্যবস্থা সম্বন্ধে নাসিক প্রশস্তি থেকে জানা যায়?  
(a) রত্ন দমন (b) গৌতমীপুত্র সাতকর্ণী (c) প্রথম সাতকর্ণী (d) সিমুক
- নীচের কোন কার্ভোহাইড্রেট উদ্ভিদ কোবের মূল উপাদান?  
(a) সুক্রোজ (b) সেনুলোজ (c) শ্বেতসার (d) লিগলিন
- ভাজক কলা সম্পর্কিত হিস্টোরিওজেন তত্ত্ব কোন বিজ্ঞানীর দেওয়া?  
(a) হার্মেনেন (b) ব্রাউন (c) সোয়ান (d) ব্রাইডেন
- কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সর্বাধিক অভিযান চালু হয়?  
(a) একাদশ (b) দশম (c) অষ্টম (d) নবম
- বৈদিক যুগের বৃক্ষের দেবতা কে ছিলেন?  
(a) বরুণ (b) মরুৎ (c) সোম (d) পর্জন্য
- কোন বংশের শাসনকালকে 'ক্রিস্টিক্যাল এজ অফ ইন্ডিয়া' বলা হয়?  
(a) কুর্বাণ (b) গুপ্ত (c) মৌর্য (d) মুঘল
- তাপমাত্রা বৃদ্ধির সঙ্গে শব্দ গতি:  
(a) বৃদ্ধি পায় (b) হ্রাস পায় (c) পরিবর্তিত হয় (d) অপরিবর্তিত থাকে
- সংবিধানের কোন ধারায় বলা আছে যে জরুরি অবস্থা চলাকালীন মৌলিক অধিকারগুলিকে বাতিল করা যাবে?  
(a) 361 নম্বর ধারা (b) 359 নম্বর ধারা (c) 360 নম্বর ধারা (d) 368 নম্বর ধারা
- চরমপন্থীরা কংগ্রেসে যোগদানের সময় কংগ্রেসের সভাপতি কে ছিলেন?  
(a) গোপালকৃষ্ণ গোখলে (b) আবুল কালাম আজাদ (c) অ্যানি বেসান্ত (d) অধিকাংশ মঞ্জুদার
- ডি এন এ পাওয়া যায়:  
(a) পেরিয়াজোম (b) গলাগি বডিভে (c) লাইসোজোম (d) মাইটোকন্ড্রিয়াম
- কোন ধাতুর আয়ন সালোকসংশ্লেষে ইলেক্ট্রন পরিবহন করে?  
(a) সোডিয়াম (b) ম্যাগনেসিয়াম (c) লোহা (d) ম্যাঙ্গানিজ
- নীচের কোনটি দৈর্ঘ্যের একক নয়?  
(a) আলোকবর্ষ (b) মহির্জন (c) রেডিয়ান (d) AU (সোন)
- সংবিধানের কোন ধারায় নতুন রাজ্যের সৃষ্টি ও গঠন সম্বন্ধীয় বিষয়টি উল্লিখিত আছে?  
(a) ধারা 41 (b) 2 নম্বর ও 4 নম্বর ধারা (c) 6 নম্বর ধারা (d) 11 নম্বর ধারা
- কোন বিভাজনের কোন পর্যায়ে ক্রেমাজিট স্পষ্ট হয়ে ওঠে?  
(a) টেলোফেজ (b) প্রোফেজ (c) মেটোফেজ (d) অ্যানাফেজ
- ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় অ্যাডভোকেট জেনারেলের সম্পর্কে বলা আছে?  
(a) ধারা 41 (b) ধারা 21 (c) ধারা 76 (d) কোনওটিই নয়
- পশ্চিমবঙ্গের কোথায় কাস্ট ডুমিরূপ দেখা যায়?  
(a) আলিপুরদুয়ার (b) জলপাইগুড়ি (c) বাঁকুড়া (d) দার্জিলিং
- ACTH হরমোন কোন গ্রন্থি থেকে ক্ষরিত হয়?  
(a) পিটুইটারি (b) থাইমাস (c) অ্যাড্রিনাল (d) পিনিয়াল
- ফতেপুর সিক্রি প্রতিষ্ঠা করেন:  
(a) আকবর (b) বাবর (c) জাহাঙ্গির (d) হুমায়ুন
- হির বাস হঠাৎ করে চলতে শুরু করলে পিছনে হেলে যাওয়া কীসের উদাহরণ?  
(a) স্থিতিস্থাপক সংঘর্ষ (b) বলেরঘাত (c) স্থিতিজাত্য (d) গতিজাত্য

## চাকরির পরীক্ষায় বঙ্গবন্ধু কোচিং

### স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে ৫৪৮৮ গ্রুপ 'ডি'

নিয়োগ-পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

আটের পাতার পর

25(b): ধরি, 10 বছর আগে পিতার বয়স  $13x$  ও পুত্রের বয়স  $3x$  বছর

$$\therefore 13x + 20 = (3x + 20) \times \frac{17}{7} \Rightarrow 91x - 51x$$

$$= 3400 - 140 \Rightarrow x = 5$$

$$\therefore \text{বর্তমান সমষ্টি} = (13x + 3x) + 20 = 100 \text{ বছর।}$$

$$26(c): \text{ষষ্ঠ সংখ্যা} = 6 \times (10.5 + 11.4) - 11 \times 10.9$$

$$= 131 - 119.9 = 11.5.$$

$$27(a): A\text{-এর মোট সময়} = 18 \times \frac{4}{3} = 24$$

$$\therefore B\text{-এর মোট সময়} = 12 \text{ দিন}$$

$$\therefore B, \frac{1}{4} \text{ অংশ করবে} = \frac{1}{4} \times 12 = 3 \text{ দিন।}$$

$$28(a): A : B : C = 8 : 12 : 15$$

$$A = 350 \times \frac{8}{35} = 80 \text{ টাকা, } B = 350 \times \frac{12}{35} = 120 \text{ টাকা, } C = 150 \text{ টাকা।}$$

$$29(c): 90 = 30 \therefore 100 = \frac{30}{90} \times 100 = 33 \frac{1}{3}.$$

$$30(a): \text{ছেলে} = 504 \times \frac{1}{24} = 21, \text{ মেয়ে} = 21 \times 11 = 231$$

$$\therefore \text{নতুন অনুপাত} = 273 : 219 = 91 : 73.$$

31(c): অক্ষরের মান দেখা যায়:

$$G(7) \Rightarrow 20, R(18) \Rightarrow 9, E(5) \Rightarrow 22, I(1) \Rightarrow 26, T(20) \Rightarrow 7$$

একইভাবে, RATE

$$R(18) \Rightarrow 9, A(1) \Rightarrow 26, T(20) \Rightarrow 7, E(5) \Rightarrow 22,$$

$$\therefore 9-26-7-22.$$

$$32(c): W \ A \ R \ M \ \text{একইভাবে, } F \ A \ C \ E$$

$$\downarrow +3 \ \downarrow +3 \ \downarrow +3 \ \downarrow +3$$

$$Z \ D \ U \ P$$

$$F \ U \ H \ D \ P$$

$$\downarrow -3 \ \downarrow -3 \ \downarrow -3 \ \downarrow -3 \ \downarrow -3$$

$$C \ R \ E \ A \ M$$

33(b): Impress, Implore, Impose, Inculcate

সবচেয়ে আগে Impress.

34(b): প্রথম চারটি উল্টো: D C B A

শেষ চারটি উল্টো: Z Y X W

নতুন ধারা: D C B A E F G ... V W X Y Z

B-এর ভাইয়ে 20তম

$$B = 3rd, 23rd \text{ letter} = X.$$

$$35(d): B \ E \ S \ T$$

$$\downarrow +2 \ \downarrow +5 \ \downarrow +19 \ \downarrow +20 = 46$$

$$C \ A \ T$$

$$\downarrow +3 \ \downarrow +1 \ \downarrow +20 = 24$$

$$A \ C \ T \ O \ R$$

$$\downarrow +2 \ \downarrow +3 \ \downarrow +20 \ \downarrow +15 \ \downarrow +18 = 57$$

36(b):

অশোক

হরি

সুনীল

আলোক

বিকাশ

প্রজ্ঞা

37(b): চিত্রে ত্রিভুজগুলো হল: AEB, ADE, DHE, EHI, EIF, BEF, ACD,

CHD, BFG, FIG, ACH, AHE, BEI, BIG, ACE, CHE, BEG, EIG,

AHB, AIB, AHI, BHI

$\therefore$  মোট ত্রিভুজ সংখ্যা 22.

38(a): INCONSISTENT-কে প্রপূর্ণনায়ী সাজালে পাই

OCNISISN T NET

নবম

39(d): মোট = 39

ডান থেকে 17 বাঁ থেকে =  $39 - 17 + 1 = 23.$

40(b): সুনীতা > রাম > রীতা > গীতা

$\therefore$  সবচেয়ে ছোট = গীতা।

### দ্বিতীয় সেট

1. আদিকো আন্দোলন কত সালে সাংঘটিত হয়?

(a) 1983 (b) 1986 (c) 1973 (d) 1970

2. কোনটি ডি-নাইট্রিকাইং ব্যাক্টেরিয়া?

(a) সিডোমোনাস (b) থিয়োব্যাসিলাস (c) থিয়োব্যাসিলাস ও সিডোমোনাস

(d) কোনওটিই নয়

3. কেওলাদেও ন্যাশনাল পার্ক কোথায় অবস্থিত?

(a) ওড়িশা (b) রাজস্থান (c) গুজরাট (d) আসাম

4. কত সালে সুন্দরন ইউনেস্কো কর্তৃক ওয়ার্ল্ড হেরিটেজ সাইটের মর্যাদা পায়?

(a) 1992 (b) 1988 (c) 1977 (d) 1985

5. 'নামদাফা-রিজার্ভ' কোথায় অবস্থিত?

(a) অরুণাচল প্রদেশ (b) বিহার (c) আসাম (d) উত্তর প্রদেশ

6. ব্রাকফুট রোগ কেন হয়?

(a) কাভনিয়াম দূষণ (b) আর্সেনিক দূষণ (c) তামা দূষণ (d) সিসা দূষণ

7. বিশ্ব স্বাস্থ্য দিবস:

(a) 5 এপ্রিল (b) 18 এপ্রিল (c) 23 মার্চ (d) 7 এপ্রিল

8. কোন রোগটি জল দূষণ-এর ফলে হয় না?

(a) ডায়ারিয়ারিয়া (b) সিস্টোসোমিয়াসিস (c) বুকুরি আলসার (d) ট্র্যাকোমা

9. গোষ্ঠায়ী কমিটি কীসের উপর সুপারিশ করে?

(a) শিল্পের লাইসেন্স নীতি (b) রুম শিল্পক্ষেত্র (c) শিল্পের উৎপাদনশীলতা (d) শিল্পে বিনিয়োগ

10. নীচের কোন রাজ্যটি High HDI-এর মধ্যে পড়ে?

(a) কেরল (c) বিহার (c) পশ্চিমবঙ্গ (d) গুজরাট

11. ভারতীয় সংবিধানের কত নম্বর ধারা অনুযায়ী অর্থ কমিশন গঠন করা হয়?

(a) 125 (b) 180 (c) 225 (d) 280

12. NABARD-এর পূর্ণ রূপটি কী?

(a) National Bank for Rural Development (b) National Bank for Agriculture and Rural Development (c) National Bank for Agriculture and Regional Development (d) National Agriculture Bank Authority for Rural Development

13. জাতীয় পেনশন স্কিম (NSP) কার দ্বারা নিয়ন্ত্রিত হয়?

(a) NPDA (b) PCRADA (c) PFRDA (d) IRDA

14. কোন রাজ্যকে ভারতের চিনির পাত্র বলা হয়?

(a) অন্ধপ্রদেশ (b) উত্তর প্রদেশ (c) বিহার (d) মহাশূন্য

15. নাগার্জুন সাগর বহুমুখী প্রকল্পের বাঁধ নীচের কোন নদীর উপর অবস্থিত?

(a) হুঙ্গভদ্রা (b) শোন (c) কৃষ্ণা (d) কাবেরী

16. ভারতের বৃহত্তম স্লেট ক্যান্টন কোমিটি

(a) শিরহিন্দ (b) ইন্দিরা গান্ধী (c) উচ্চ করিদোয়াব (d) যমুনা

17. 'কিউ' কোন খেলার সঙ্গে যুক্ত?

(a) দাবা (b) লন টেনিস (c) বিলিয়ার্ড (d) হকি

18. 'ইন্দিরা প্রিয়দর্শিনী স্টেডিয়াম' কোথায় অবস্থিত?

(a) ভোপাল (b) বিশাখাপটনম (c) দিল্লি (d) কলকাতা

19. Z-Morph টানেল কোন অঞ্চলে উন্মোচন করা হয়েছে?

(a) জম্মু ও কাশ্মীর (b) সিকিম (c) উত্তরাখণ্ড (d) হিমাচল প্রদেশ.

20. বিশ্বের সবচেয়ে শক্তিশালী হাইড্রোজেন ট্রেন ইঞ্জিন কোন দেশ তৈরি করেছে?

(a) চীন (b) ভারত (c) রাশিয়া (d) আমেরিকা

21. একটি ঘূটির  $\frac{1}{2}$  অংশ কাদাম,  $\frac{1}{3}$  অংশ জলে ও 25 মিটার জলের উপরে আছে। ঘূটিটি কত লম্বা?

(a) 150 মিটার (b) 125 মিটার (c) 175 মিটার (d) 100 মিটার

22. এক মাঝি স্রোতের বিপরীতে 1 ঘণ্টায় 2 কিলোমিটার যায় এবং স্রোতের অনুকূলে 10 মিনিটে 1 কিলোমিটার যায়। হ্রির জলে 5 কিলোমিটার যেতে ওই মাঝির কত সময় লাগবে?

(a) 1 ঘণ্টা 30 মিনিট (b) 1 ঘণ্টা 15 মিনিট (c) 1 ঘণ্টা (d) 40 মিনিট

23. হ্রির জলে একটি নৌকার গতিবেগ ঘণ্টায় 7 কিলোমিটার। এক্সপ নৌকায় স্রোতের অনুকূলে 33 কিলোমিটার পথ যেতে 3 ঘণ্টা সময় লেগেছে। ফিরে আসার সময় নৌকার কত সময় লাগবে?

(a) 9 ঘণ্টা (b) 12 ঘণ্টা (c) 8 ঘণ্টা (d) 11 ঘণ্টা

24. প্ল্যাটফর্মে দাঁড়িয়ে এক ব্যক্তি দেখে যে একটি এক্সপ্রেস ট্রেন তাকে 15 সেকেন্ডে অতিক্রম করে। যদি এক্সপ্রেস ট্রেনটির গতিবেগ 60 কিমি/ঘণ্টা হয়, তবে ট্রেনটির দৈর্ঘ্য কত?

(a) 150 মিটার (b) 200 মিটার (c) 250 মিটার (d) 300 মিটার

25. একটি চৌবাচ্চার  $\frac{4}{5}$  অংশ পূর্ণ হয় 1 মিনিটে, বাকি অংশ পূর্ণ হতে আরও কত সময় লাগবে?

(a) 15 সেকেন্ড (b) 20 সেকেন্ড (c) 12 সেকেন্ড (d) 10 সেকেন্ড

26. A একটি কাজ 20 দিনে করতে পারে। 5 দিন কাজ হওয়ার পর A চলে যায়, বাকি কাজ B,  $22 \frac{1}{2}$  দিনে শেষ করে। A ও B একত্রে করলে কাজটি কত দিনে শেষ হত?

(a) 18 দিনে (b) 12 দিনে (c) 10 দিনে (d) 15 দিনে

27. 10টি গোরু অথবা 7টি মহিষ প্রত্যহ 8 ঘণ্টা কাজ করে 60 দিনে একটি জরি চাষ করতে পারে। 25টি গোরু ও 14টি মহিষ প্রত্যহ 12 ঘণ্টা কাজ করে তার 9 গুণ কাজ কত দিনে করতে পারবে?

(a) 90 (b) 100 (c) 85 (d) 80

28. কোনও মূলধন সরল সুদের বাৎসরিক হারে 2 বছরে 5182 টাকা এবং 3 বছরে 5832 টাকা হলে মূলধনের পরিমাণ কত হবে?

(a) 3882 (b) 4099 (c) 5900 (d) 2009

29. সুব্রো 800 টাকা ধার করে 6% সুদে এবং নরেশ 600 টাকা ধার করে 10% সুদে। কত সময় পরে উভয়ের ঋণ পরিশোধের পরিমাণ সমান হবে?

(a)  $18 \frac{1}{3}$  বছর (b)  $16 \frac{2}{3}$  বছর (c)  $14 \frac{1}{2}$  বছর (d)  $15 \frac{1}{3}$  বছর

30. তিনটি ঘণ্টা একসঙ্গে বাজার পর যথাক্রমে 1.2 মিনিট, 1.6 মিনিট এবং 2.7 মিনিট অন্তর বাজতে থাকল। ঘণ্টা তিনটি পুনরায় একসঙ্গে বাজার সময় পর্যন্ত প্রথম ঘণ্টা মোট কত বার বাজবে?

(a) 16 (b) 18 (c) 32 (d) 36

31. সঠিক বিকল্পটি খুঁজে বের করুন:

ফেলুদা : সত্যজিৎ রায় :: বোয়ামকেশ : ?

(a) শরদিন্দু বন্দ্যোপাধ্যায় (b) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (c) রবীন্দ্রনাথ ঠাকুর (d) সুকুমার রায়

32. (25, 36, 49) : ?

(a) (25, 49, 64) (b) (36, 49, 81) (c) (4, 9, 16) (d) (4, 49, 64)

33. গাড়ি : Garage :: ? : Hanger

(a) বাস (b) বিমান (c) ট্রাক (d) ট্রেন

34. কোনও সংকেত অনুযায়ী কাণ্ড যদি মূল হয়, মূল যদি শিরা হয়, শিরা যদি পাতা হয়, পাতা যদি ফুলে হয়, ফুল যদি ফল হয় এবং ফল যদি বীজ হয়, তাহলে ওই সংকেত অনুযায়ী গাছ কিসের সাহায্যে জল শোষণ করে?

(a) পাতা (b) মূল (c) কাণ্ড (d) শিরা

35. কোনও সংকেত অনুযায়ী heard their voice-এর মানে nu ca es, their car was heard-এর মানে hy ta es nu এবং voice was heard-এর মানে es ta ca হয়। তাহলে ওই একই নিয়মে heard, car-এর সংকেত কী হবে?

(a) nu hy (b) es hy (c) ta ca (d) es ta

36. সোনিয়া তার বাড়ি থেকে যাত্রা শুরু করে 4 কিলোমিটার পূর্ব দিকে হাঁটল। তারপর সে বাঁদিকে ঘুরে 6 কিলোমিটার হাঁটল। তারপর ডানদিকে ঘুরে 4 কিলোমিটার হাঁটল। এখন সে শুরুর স্থান থেকে কত দূরে আছে?

(a) 10 কিলোমিটার (b) 5 কিলোমিটার (c) 8 কিলোমিটার (d) 14 কিলোমিটার

37. নীচের কোন ডেনচিহ্রটি কুকুর, তিমি ও গুন্যপায়ী এদের মধ্যে সম্পর্কে নির্দেশ করে?

(a) (b) (c) (d)

38. 'x' মানে '+', 'y' মানে '-', '+' মানে 'x' এবং '-' মানে '+' হলে  $6 \times 2 \div 2 - 4 + 2 = ?$

(a) 10 (b) 9 (c) 4 (d) 0

39. সঠিক অর্থযুক্ত অনুক্রমে সাজান:

1. নক্ষত্রমণ্ডল 2. ছায়াপথ 3. মহাবিশ্ব 4. তারা 5. গ্রহ

(a) 2, 3, 4, 1, 5 (b) 1, 2, 3, 4, 5 (c) 3, 5, 4, 1, 2 (d) 3, 2, 1, 4, 5

40. সঠিক সংখ্যা নির্ণয় করুন:

(a) 67 (b) 81 (c) 62 (d) 64

### উত্তর

1(a), 2(c), 3(b), 4(d), 5(a), 6(b), 7(d), 8(a), 9(b), 10(a), 11(d), 12(b), 13(c), 14(b), 15(c), 16(b), 17(c), 18(b), 19(a), 20(b), 21(a), 22(b), 23(d), 24(c), 25(a), 26(b), 27(d), 28(a), 29(b), 30(d), 31(a), 32(c), 33(b), 34(d), 35(b), 36(d), 37(a), 38(b), 39(d), 40(c).

সমাধান

$$21(a): \text{জলের উপরে আছে} = \left(1 - \frac{1}{2} - \frac{1}{3}\right) \text{ অংশ} = \left(\frac{6-3-2}{6}\right) \text{ অংশ}$$

$$= \frac{1}{6} \text{ অংশ}$$

$$\therefore \frac{1}{6} \text{ অংশ} = 25 \text{ মিটার} \therefore 1 \text{ অংশ} = 25 \times 6 = 150 \text{ মিটার।}$$

22(b): স্রোতের প্রতিকূলে বেগ = 2 কিমি/ঘণ্টা

$$\text{স্রোতের অনুকূলে বেগ} = \frac{1}{10} \times 60 = 6 \text{ কিমি/ঘণ্টা}$$

$$\text{হ্রির জলে নৌকার গতি} = \frac{1}{2} (2 + 6) = 4 \text{ কিমি/ঘণ্টা}$$

$$\text{হ্রির জলে 5 কিমি যেতে সময় লাগে} = \frac{5}{4} = 1 \frac{1}{4} \text{ ঘণ্টা} = 1 \text{ ঘণ্টা } 15 \text{ মিনিট।}$$

23(d): অনুকূলে বেগ =  $\frac{33}{3} = 11 \text{ কিমি/ঘণ্টা}$

$$\therefore \text{স্রোতের বেগ} = (11 - 7) = 4 \text{ কিমি/ঘণ্টা}$$

$$\therefore \text{ফিরে আসলে সময় লাগে} = \frac{33}{7-4} \text{ ঘণ্টা} = 11 \text{ ঘণ্টা।}$$

24(c): ট্রেনের বেগ = 60 কিমি/ঘণ্টা =  $60 \times \frac{5}{18} \text{ মিটার/সেকেন্ড}$

$$= \frac{50}{3} \text{ মিটার/সেকেন্ড}$$

$$\therefore 15 \text{ সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব} = \frac{50}{3} \times 15 = 250 \text{ মিটার}$$

$\therefore$  ট্রেনের দৈর্ঘ্য 250 মিটার।

25(a): চৌবাচ্চার  $\frac{4}{5}$  অংশ পূর্ণ হয় = 1 মিনিটে

$$\therefore \frac{1}{5} \text{ অংশ পূর্ণ হয়} = \frac{1 \times 5}{4} \times \frac{1}{5} = \frac{1}{4} \times 60 \text{ সেকেন্ডে} = 15 \text{ সেকেন্ড।}$$

26(b): A-এর 5 দিনের কাজ =  $\frac{5}{20} = \frac{1}{4}$  অংশ

$$\text{বাকি কাজ} = 1 - \frac{1}{4} = \frac{3}{4} \text{ অংশ}$$

$$\therefore B \text{ কাজটি করতে পারবে} = \frac{45}{2} \times \frac{4}{3} = 30 \text{ দিনে}$$

$$A \text{ ও } B \text{ একসঙ্গে কাজটি করতে পারবে} = \frac{20 \times 30}{20+30} \text{ দিনে} = \frac{600}{50} \text{ দিনে}$$

= 12 দিনে।

27(d): 10টি গোরু = 7টি মহিষ

$$\therefore 20টি গোরু = 14টি মহিষ$$

$$25টি গোরু + 14টি মহিষ = 25টি গোরু + 20টি গোরু = 45টি গোরু$$

এরপর মেশের পাতায়

## চাকরির পরীক্ষায় বঙ্গবন্ধু কোচিং

# রেলো নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি

সি বি টি-১ নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

আটের পাতার পর

31. সম্প্রতি খবরে আসা মাউন্ট অ্যানকনগাওয়া কোন পর্বত শ্রেণীর অন্তর্গত? (a) আল্পিজ (b) হিমালয় (c) রকি (d) আন্ডস
32. এশিয়ান রাইফেল এবং পিস্তল চ্যাম্পিয়নশিপ 2027-এর আয়োজক দেশ কোনটি? (a) জাপান (b) ভারত (c) মালয়েশিয়া (d) ইন্দোনেশিয়া
33. 'প্লাস্টিডিয়া' 2026, একটি বিশ্ব প্লাস্টিক এন্ট্রিভিশন সম্প্রতি কোন শহরে অনুষ্ঠিত হল? (a) বেঙ্গালুরু (b) হায়দ্রাবাদ (c) চেন্নাই (d) নিউ দিল্লি
34. নল সরোবর পাখিরালয় কোথায় অবস্থিত? (a) গুজরাট (b) কানাডা (c) কেরল (d) মধ্যপ্রদেশ
35. সম্প্রতি 39তম সুরজকুত আন্তর্জাতিক হস্ত শিল্প মেলা কোথায় আয়োজিত হল? (a) ওড়িশা (b) উত্তরাখণ্ড (c) হরিয়ানা (d) পাঞ্জাব
36. সম্প্রতি খবরে আসা গিলবার্ট হিল কোন রাজ্যে অবস্থিত? (a) মহারাষ্ট্র (b) গুজরাট (c) কর্ণাটক (d) কেরালা
37. সম্প্রতি প্রয়াত গীতা পট্টনায়ক কোন রাজ্যের একজন বিখ্যাত গায়িকা ছিলেন? (a) ওড়িশা (b) মহারাষ্ট্র (c) কর্ণাটক (d) কেরালা
38. নীল বিপ্লব কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত? (a) মশলা (b) মাছ (c) মহাকাশ গবেষণা (d) শাকসবজি
39. ভারতের প্রথম কাগজ কল কোথায় স্থাপন করা হয়? (a) চন্দননগর (b) বালি (c) হুগলি (d) কলকাতা
40. কে বেদান্ত কলেজ প্রতিষ্ঠা করেন? (a) অরবিন্দ ঘোষ (b) মদনমোহন মালব্য (c) কেশবচন্দ্র সেন (d) রামমোহন রায়
41. কোনও মূলধন সরল সুদে 30 বছরে দ্বিগুণ হয়, সুদের বার্ষিক হার কত? (a) 10% (b) 6% (c)  $6\frac{2}{3}\%$  (d)  $7\frac{1}{3}\%$
42.  $\frac{735 \times 735 + 735 - 105 \times 105 + 105}{735 \times 735 + 735 \times 105 + 105 \times 105} = ?$  (a)  $\frac{1}{630}$  (b)  $\frac{1}{7}$  (c) 630 (d) 820
43. দুটি সংখ্যার গুণফল 8075 এবং পার্থক্য 10 হলে, একটি সংখ্যা কত? (a) 105 (b) 85 (c) 65 (d) 80
44. 35 লিটার মিশ্রণে দুধ ও জলের অনুপাত 4 : 1, মিশ্রণে 7 লিটার জল যোগ করলে নতুন মিশ্রণে দুধ ও জলের অনুপাত কত হবে? (a) 3 : 2 (b) 1 : 2 (c) 2 : 3 (d) 2 : 1
45. যদি  $\frac{a}{3} = \frac{b}{4} = \frac{c}{7}$  হয়, তাহলে  $\frac{a+b+c}{c} = ?$  (a) 3 (b) 2 (c) 1 (d) 0
46. 10% লাভে এক বিক্রেতা একটি বই বিক্রি করেন। তিনি যদি 4% ক্ষতিতে কিনে আরও 6 টাকা বেশিতে বিক্রি করতেন, তাহলে তার  $18\frac{3}{4}\%$  লাভ হত। বইটির ক্রয়মূল্য কত? (a) 160 টাকা (b) 130 টাকা (c) 140 টাকা (d) 150 টাকা
47. ঘোড়ের গতিবেগ ঘণ্টায় 4 কিলোমিটার। একটি নৌকা 2 ঘণ্টায় 6 কিলোমিটার যায় এবং আবার ফিরে আসে। হ্রির জলে নৌকার গতিবেগ কত? (a) 6.8 কিমি/ঘণ্টা (b) 6 কিমি/ঘণ্টা (c) 7.5 কিমি/ঘণ্টা (d) 8 কিমি/ঘণ্টা
48. A এবং B একসঙ্গে ব্যবসা শুরু করেছে। A-র বিনিয়োগ B-এর তিনগুণ এবং A-র সময় B-র বিনিয়োগের সময়ের দ্বিগুণ। যদি B 12000 টাকা লাভ্যশ পায়, তাহলে মোট লাভ কত? (a) 60000 টাকা (b) 72000 টাকা (c) 48000 টাকা (d) 84000 টাকা
49. 150 মিটার লম্বা একটি ট্রেন উল্টোদিক থেকে ছুটে আসা 100 মিটার লম্বা একটি ট্রেনকে 10 সেকেন্ডে অতিক্রম করে। যদি প্রথম ট্রেনটির গতিবেগ 30 কিমি/ঘণ্টা হয়, তাহলে দ্বিতীয় ট্রেনটির গতিবেগ কত? (a) 72 কিমি/ঘণ্টা (b) 36 কিমি/ঘণ্টা (c) 54 কিমি/ঘণ্টা (d) 60 কিমি/ঘণ্টা
50. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রহরে দ্বিগুণ। যদি দৈর্ঘ্য 5 সেমি হ্রাস করা হয় এবং প্রস্থ 5 সেমি বৃদ্ধি করা হয়, তাহলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল 75 বর্গসেমি বৃদ্ধি পায়। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য কত? (a) 50 সেমি (b) 20 সেমি (c) 30 সেমি (d) 40 সেমি
51. একটি বৃত্ত ও আয়তক্ষেত্রের পরিসীমা একই। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে 18 সেমি ও 26 সেমি। বৃত্তটির ক্ষেত্রফল কত? (a) 1250 বর্গসেমি (b) 88 বর্গসেমি (c) 154 বর্গসেমি (d) 616 বর্গসেমি
52. যদি  $5x^2 - 13xy + 6y^2 = 0$  হয়, তাহলে  $x : y = ?$  (a) (3 : 5) অথবা (2 : 1) (b) (2 : 1) (c) (3 : 5) (d) (5 : 3) অথবা (1 : 2)
53.  $\sqrt{2} + \sqrt{2} + \sqrt{2} + \dots = ?$  (a)  $2\sqrt{2}$  (b)  $2 + \sqrt{2}$  (c) 2 (d)  $\sqrt{2}$
54. দুটি ধনাত্মক সংখ্যার গুণফল 2500। যদি একটি সংখ্যার অপরটির চারগুণ হয় তবে সংখ্যা দুটির যোগফল কত?

## স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে ৫৪৮৮ গ্রুপ 'ডি' নিয়োগ-পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

নয়ের পাতার পর

31.  $\frac{10 \times 8 \times 60}{1} = \frac{45 \times 12 \times x}{9} \therefore x = 80$ .
  - 28(a): 1 বছরের সুদ = 5832 - 5182 = 650 টাকা  
∴ 2 বছরের সুদ = 650 × 2 = 1300 টাকা  
∴ আসল = 2 বছরের সুদ আসল - 2 বছরের সুদ = 5182 - 1300 = 3882 টাকা
  - 29(b): ধরি, t বছর পরে সুদ-আসল সমান হবে  
∴  $800 + \frac{800 \times t \times 6}{100} = 600 + \frac{600 \times t \times 10}{100}$   
বা,  $48t - 60t = 600 - 800$   
বা,  $12t = 200$  বা,  $3t = 50$   
∴  $t = \frac{50}{3}$  বছর =  $16\frac{2}{3}$  বছর।
  - 30(d): 1.2 মিনিট = 72 সেকেন্ড, 1.6 মিনিট 96 সেকেন্ড এবং 2.7 মিনিট = 162 সেকেন্ড  
∴ 72, 96 ও 162-এর ল.স.ও = 36 × 72  
∴ 36 × 72 সেকেন্ড পর এক সপ্তে বাজবে  
∴ প্রথম ঘণ্টা মোট বাজবে =  $\frac{36 \times 72}{72} = 36$  বার।
  - 31(a): শরদিপু বন্দোপাধ্যায়।  
32(c): 25, 36, 49 = 5<sup>2</sup>, 6<sup>2</sup>, 7<sup>2</sup>  
একইরকমভাবে, 4, 9, 16 = 2<sup>2</sup>, 3<sup>2</sup>, 4<sup>2</sup>.
  - 33(b): বিমান। 34(d): শিরা।
  - 35(b): 

heard	their	voice	⇒	nu	es			
their	car	was	heard	⇒	hy	ta	es	nu
voice	was	heard	⇒	es	ta	es		

∴ heard car = es hy.
  - 36(d): 

4	কিমি	→	N
↑	6	কিমি	W ←
4	কিমি	→	E
			S ↓

সোনিয়া গুরুর স্থান থেকে 14 কিলোমিটার দূরে আছে।
  - 37(a): 

কুকুর	→	তৃণপায়ী
→	→	তিমি
  - 38(b):  $6 \times 2 \div 2 - 4 + 2 = 6 \div 2 - 2 + 4 \times 2 = 3 - 2 + 8 = 11 - 2 = 9$ .
  - 39(d): 3, 2, 1, 4, 5  
মহাবিশ্ব, ছায়াপথ, নক্ষত্রমণ্ডল, তারা, গ্রহ।
  - 40(c):  $7 \xrightarrow{+1^2} 8 \xrightarrow{+2^2} 12 \xrightarrow{+3^2} 21 \xrightarrow{+4^2} 37 \xrightarrow{+5^2} 62$ .
- প্রস্তুত করেছেন: কমল বৈদ্য ও সুপর্ণা মণ্ডল
- (a) 225 (b) 250 (c) 25 (d) 125
  55. 14 সেমি বাহুবিশিষ্ট একটি বর্গক্ষেত্রের ভিতরে সবচেয়ে বড় যে বৃত্ত অঙ্কন করা যাবে তার ক্ষেত্রফল কত হবে? (a) 176 বর্গসেমি (b) 84 বর্গসেমি (c) 154 বর্গসেমি (d) 204 বর্গসেমি
  56. এক ব্যক্তি 12 টাকা করে দুটি পুঁজি বিক্রি করলেন, একটিকে তিনি 20% লাভ করলেন এবং অপরটিকে 20% ক্ষতি হল। মোটের উপর তার: (a) 2 টাকা লাভ হল (b) 1 টাকা ক্ষতি হল (c) 1 টাকা লাভ হল (d) লাভ-ক্ষতি কোনওটিই হল না
  57. যদি  $(4x^2 - 3y^2) : (2x^2 + 5y^2) = 12 : 19$  হয়, তাহলে  $x : y = ?$  (a) 3 : 2 (b) 2 : 1 (c) 1 : 3 (d) 2 : 3
  58. 60 লিটার মিশ্রণে দুধ ও জলের অনুপাত 2 : 1। এই অনুপাত 1 : 2 করতে হলে কী পরিমাণ জল যোগ করতে হবে? (a) 40 লিটার (b) 60 লিটার (c) 20 লিটার (d) 30 লিটার
  59. 150 মিটার লম্বা ট্রেন 6 কিমি/ঘণ্টা বেগে বিপরীত দিক থেকে হেঁটে আসা এক ব্যক্তিকে 6 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ কত? (a) 96 কিমি/ঘণ্টা (b) 106 কিমি/ঘণ্টা (c) 66 কিমি/ঘণ্টা (d) 84 কিমি/ঘণ্টা
  60.  $\left(\frac{x^a}{x^b}\right)^{(a^2+ab+b^2)} = ?$  (a) 1 (b) 0 (c) -1 (d) 2
  61. 8 জন লোক এবং 12 জন শিশু একটি কাজ 9 দিনে করে। একজন বাচ্চা একজন লোকের দ্বিগুণ সময় নেয়। 12 জন লোক কাজটি কতদিনে শেষ করবে? (a) 18 দিনে (b)  $13\frac{1}{2}$  দিনে (c)  $10\frac{1}{2}$  দিনে (d) 14 দিনে
  62.  $7\frac{1}{2} - \left[2\frac{1}{4} + \left\{1\frac{1}{4} - \frac{1}{2}\left(1\frac{1}{2} - \frac{1}{3} - \frac{1}{6}\right)\right\}\right] = ?$  (a)  $4\frac{1}{2}$  (b) 1 (c)  $\frac{2}{9}$  (d) 5

## স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে ৫৪৮৮ গ্রুপ 'ডি' নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

গত সংখ্যার পর

- 28(a): উত্তীর্ণ পরীক্ষার্থী =  $288 \times \frac{11}{32} = 99$  জন  
অনুত্তীর্ণ পরীক্ষার্থী =  $288 \times \frac{21}{32} = 189$  জন  
∴ নির্ণয়ের অনুপাত =  $(99 + 3) : (189 - 3) = 102 : 186 = 17 : 31$ .
  - 29(d): ধরি A ও B-এর বার্ষিক আয় যথাক্রমে 5x ও 4x টাকা  
∴  $\frac{5x - 1600}{4x - 1600} = \frac{3}{2}$   
বা,  $12x - 4800 = 10x - 3200$  বা,  $12x - 10x = 4800 - 3200$   
বা,  $2x = 1600 \therefore x = 800$   
তাহলে, A-এর বার্ষিক আয় =  $5x = 5 \times 800$  টাকা = 4000 টাকা।
  - 30(a): ধরি, R, 3x টাকা বিনিয়োগ করে  
∴  $Q = 3x \times \frac{2}{3} = 2x = 2x$  এবং  $P = 2x \times 3 = 6x$  টাকা বিনিয়োগ করে  
∴ P : Q : R =  $6x : 2x : 3x = 6 : 2 : 3$ .
  - 31(a): 

জিমি	→	বোন
↓	↓	↓
ভাগ্নে	↓	স্বামী
		↓
		শ্যাম (একমাত্র পুত্র)

শ্যাম জিমির বোনের পুত্র অর্থাৎ জিমির ভাগ্নে।
  - 32(d): 

আনন্দ	←	স্বামী	→	রঞ্জিতা
↓	↓	↓	↓	↓
সন্তান	↓	সন্ত	↓	টাকুমা
↓	↓	↓	↓	↓
রাজ	↓	অম্ব	↓	

∴ আনন্দ, রঞ্জিতার স্বামী।
  - 33(c): পুত্র রাজা টিকটিকি।
  - 34(b): মানুষের ঘ্রানইন্দ্রিয় বৃক।
  - 35(a): 

ছাত্র	→	বিশ্ববিদ্যালয়
→	→	শ্রেণিকক্ষ
  - 36(c): 

2	3	7	⇒	Winter	is	cold
9	7	8	⇒	Summer	is	hot
8	5	6	⇒	Night	are	hot

∴ Summer = 9.
  - 37(d): প্রতিসরণ।
  - 38(a): কান।
  - 39(b): 

M	O	T	H	E	R
↓	↓	↓	↓	↓	↓
P	N	I	U	S	F




একইভাবে, 




F	R	I	E	N	D
↓	↓	↓	↓	↓	↓
S	G	F	J	E	O
  - 40(b):  $5 : 127 = (5^3 + 2)$   
∴  $9 : ? = (9^3 + 2) = 731$  ∴  $5 : 127 :: 9 : 731$ .
- প্রস্তুত করেছেন: সুপর্ণা মণ্ডল
63.  $\frac{\sin 30^\circ - \cos 60^\circ + \tan 45^\circ}{\cos 30^\circ - \tan 45^\circ + \sin 90^\circ} = ?$  (a)  $\frac{4\sqrt{3}}{3}$  (b)  $\sqrt{3}$  (c)  $\frac{2\sqrt{3}}{3}$  (d)  $\frac{\sqrt{3}}{2}$
  64. এক ব্যক্তি একটি দ্রব্য 75 টাকায় বিক্রি করে এবং ক্রয়মূল্যের সমান লাভ করে। দ্রব্যটির ক্রয়মূল্য কত? (a) 150 টাকা (b) 37.50 টাকা (c) 40 টাকা (d) 50 টাকা
  65. 800 টাকা 10% অর্ধবার্ষিক জটিল সুদের হারে কত বছরে 926.10 টাকা হবে? (a)  $2\frac{1}{3}$  বছরে (b)  $1\frac{1}{3}$  বছরে (c)  $1\frac{1}{2}$  বছরে (d)  $2\frac{1}{2}$  বছরে
- উত্তর
- 1(c), 2(a), 3(c), 4(c), 5(c), 6(c), 7(a), 8(b), 9(b), 10(a), 11(c), 12(b), 13(b), 14(a), 15(d), 16(c), 17(c), 18(c), 19(b), 20(d), 21(d), 22(c), 23(c), 24(b), 25(b), 26(d), 27(a), 28(a), 29(d), 30(c), 31(a), 32(b), 33(d), 34(a), 35(c), 36(a), 37(a), 38(b), 39(c), 40(d), 41(c), 42(c), 43(b), 44(d), 45(b), 46(d), 47(d), 48(d), 49(d), 50(d), 51(d), 52(a), 53(c), 54(d), 55(c), 56(b), 57(a), 58(b), 59(d), 60(a), 61(c), 62(a), 63(c), 64(d), 65(c).
- এরপর আগামী সংখ্যায়  
প্রস্তুত করেছেন: প্রশান্তী কান্ত





# কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার

যে-কোনও চাকরির পরীক্ষার প্রস্তুতিতে অপরিহার্য বিবিধ তথ্য।

## ভারতের ইতিহাসের ধারাবাহিক কালানুক্রম

খ্রিস্টাব্দ	ঘটনা
১৯২০	অসহযোগ আন্দোলনের সূচনা। শিলাফং আন্দোলন।
	
১৯২২	চৌরিতোরা ঘটনা (৫ ফেব্রুয়ারি)। অসহযোগ আন্দোলন প্রত্যাহার (২৫ ফেব্রুয়ারি)।
১৯২৩	'স্বরাজ্য দল' প্রতিষ্ঠা।
১৯২৫	চিন্তরঞ্জন দাশের মৃত্যু। 'ভারতের কমিউনিস্ট পার্টি'-র প্রতিষ্ঠা।
১৯২৭	'সাইমন কমিশন' গঠন।
১৯২৮	স্যার জন সাইমনের নেতৃত্বাধীন সাইমন কমিশনের সদস্যদের বোম্বাই আগমন (৩ ফেব্রুয়ারি)।
	
১৯২৮	লালা লাজপত রায়ের মৃত্যু (১৭ নভেম্বর)। ব্রিটিশ পুলিশের অন্যতম প্রধান স্যাসার্স হত্যাকাণ্ড (১৭ ডিসেম্বর)।
১৯২৯	'শীর্ষক ষড়যন্ত্র মামলা' শুরু (২০ মার্চ)। জিন্নার ১৪ দফা দাবি পেশ (২৮ মার্চ)। লাহোর কংগ্রেস, পূর্ণ স্বাধীনতা দাবির ঘোষণা।
	
১৯৩০	স্বাধীনতা দিবস পালন (২৬ জানুয়ারি)। লবণ সত্যাগ্রহের সূচনা (৬ এপ্রিল)। চট্টগ্রাম অস্ত্রাগার লুটন। প্রথম গোলটেবিল বৈঠক (নভেম্বর)।
১৯৩১	'গান্ধী-আরউইন চুক্তি'। আইন অমান্য আন্দোলন সাময়িক স্থগিত। দ্বিতীয় গোলটেবিল বৈঠক।
১৯৩২	'সাম্প্রদায়িক বাটোয়ারা নীতি' ঘোষণা। 'পূণা চুক্তি'। তৃতীয় গোলটেবিল বৈঠক।

খ্রিস্টাব্দ	ঘটনা
১৯৩৩	জানুয়ারি, হরিজন পত্রিকা প্রকাশ।
১৯৩৪	'কংগ্রেস সোশ্যালিস্ট পার্টি' স্থাপন। কমিউনিস্ট পার্টি বেআইনি ঘোষিত।
১৯৩৫	'ভারত শাসন আইন' প্রবর্তন।
১৯৩৬	'সারা ভারত কিষান সভা' প্রতিষ্ঠা।
১৯৩৭	বিভিন্ন প্রদেশে কংগ্রেসের আঞ্চলিক সরকার স্থাপন। মুসলিম লিগের লখনউ অধিবেশন।
১৯৩৮	কংগ্রেস সভাপতি হন সুভাষচন্দ্র বসু।
১৯৩৯	দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা।
	
কংগ্রেসের প্রাদেশিক মন্ত্রিসভার পদত্যাগ। কংগ্রেস সভাপতি পদে সুভাষচন্দ্রের ইস্তফা। 'ফরওয়ার্ড ব্লক' দল গঠন।	
	
১৯৪০	মুসলিম লিগের 'লাহোর প্রস্তাব' গ্রহণ। 'বিন্দ্রবী সমাজতন্ত্রী দল' প্রতিষ্ঠা।
১৯৪১	সুভাষচন্দ্র বসুর গৃহত্যাগ ও জার্মানি যাত্রা।
১৯৪২	ক্রিপস-এর দৌত্য।
	
ভারত ছাড়া আন্দোলনের সূচনা। 'ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্স লিগ' গঠন।	
১৯৪৩	নেতাজি কর্তৃক আজাদ হিন্দ বাহিনীর নেতৃত্ব গ্রহণ। সিঙ্গাপুরে ভারতের স্বাধীন 'আজাদ হিন্দ' সরকারের ঘোষণা। ৯ দেশের সমর্থন।

খ্রিস্টাব্দ	ঘটনা
১৯৪৪	সুভাষচন্দ্রের নেতৃত্বে ভারতের মূল ভূখণ্ডে মণিপুরের মৈরায়ে আইএনএ সৈন্যের প্রবেশ। তেরঙ্গা উত্তোলন।
	
১৯৪৫	আজাদ হিন্দ সেনার বিচার। ওয়াশেলে পরিকল্পনা।
১৯৪৬	বোম্বাইতে তলোয়ার নামক জাহাজে নৌবিদ্রোহ শুরু হয় (১৮ ফেব্রুয়ারি)। মন্ত্রীমিশন ভারতে আসে (২৪ মার্চ)। অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয় (২ সেপ্টেম্বর)। দিল্লিতে সংবিধান সভার প্রথম অধিবেশন হয় (৭ ডিসেম্বর)।
১৯৪৭	২০ ফেব্রুয়ারি ব্রিটিশ প্রধানমন্ত্রী ক্রিমেন্ট আটলি ঘোষণা করেন, ১৯৪৮ সালের জুনের আগেই ভারতীয় নেতৃত্বের হাতে ক্ষমতা হস্তান্তর করা হবে। লর্ড মাউন্টব্যাটেন ভারতের বড়লাটের কার্যভার গ্রহণ করেন (২৪ মার্চ)।
	
মাউন্টব্যাটেন প্রস্তাব ঘোষিত হয় (৩ জুন)। ব্রিটিশ পার্লামেন্টে ভারতের স্বাধীনতা আইন পাস হয় (৪ জুলাই)। ভারতের স্বাধীনতা আইন রাজকীয় সম্মতি লাভ করে (১৮ জুলাই)। ১৪ আগস্ট — দেশভাগ। পাকিস্তানের স্বাধীনতা লাভ। ১৫ আগস্ট — ভারত স্বাধীনতা লাভ করে।	
	
১৯৪৯	(২৬ নভেম্বর) ভারতীয় সংবিধান গৃহীত হয়।
১৯৫০	(২৬ জানুয়ারি) ভারতীয় সংবিধান কার্যকরী হয়।
২৪ জানুয়ারি, রাজেন্দ্র প্রসাদ ভারতের প্রথম রাষ্ট্রপতি নির্বাচিত হন।	
	

# ত্রিভুবনদাস ভীমজি জাভেরী

SHE CHOOSES HER STORY

## Just hers

BANGLES • CHAINS • MANGALSUTRA



\* নিম্ন ও শর্তাবলি প্রযোজ্য।

₹700 টাকা পর্যন্ত ছাড়  
প্রতি গ্রামে সোনার দামে\*

105% EXCHANGE VALUE

পাবেন যেকোনো পুরোনো সোনা যেকোনো  
জুয়েলারী দোকান থেকে কেনা  
থাকলে হীরের গহনা কিনলে\*

KOLKATA: • CAMAC - SARASWATI NIKET, 5 CAMAC STREET, NEAR THEATRE ROAD  
• KANKURGACHI - NEAR PANTALOONS

**tbz**®  
The original since 1864

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি গ্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশোভা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮ E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in